Daily Monitoring Report

Directorate of Monitoring
Bangladesh Betar, Dhaka
e-mail: dmrbbd@gmail.com

Boishakh 24, 1430 Bangla, May 07, 2023, Sunday, No. 125, 53rd year

H I G H L I G H T S

Prime Minister Sheikh Hasina has attended the coronation of King Charles III at Westminster Abbey. UK Prime Minister Rishi Sunak has called Prime Minister Sheikh Hasina a successful economic leader and an inspiration. (Jago FM: 17,18)

Awami League GS Obaidul Quader says, BNP is not preparing outline of movement rather they are preparing outline of conspiracy to destroy country's economy. (R. Today: 13)

Information and Broadcasting Minister Dr. Hasan Mahmud says, BNP leaders have become crazy as the whole world is praising Bangladesh and they are talking nonsense. (R. Today: 15)

Law Minister Anisul Huq says, the government is ready to provide all sorts of assistance to the judiciary, but the judiciary should ensure quick services to the justice-seekers. (VOA: 08)

BNP standing committee member Khandkar Mosharraf Hossain says, the government is destroying the country's economy by committing mega corruption in the name of mega project. (R. Tehran: 10)

Accoding to BBS, the increase rate of living cost of the people has decreased but the low and middle-income people are in crisis due to the unbridled increase in the prices of daily commodities. (DW: 11)

Parents are worried and panicked due to the increase in cases of child abduction and murder in Bangladesh. (R. Tehran: 10)

After visiting Myanmar's Rakhine state, Rohingya representatives have demanded their citizenship back in Myanmar. (VOA: 05)

Police informs, some people of the board and university are involved in the fake certificate ring and efforts are on to arrest them. (BBC: 03)

The Hindu-Buddhist-Christian Oikya Parishad has strongly demanded the government to implement election promises given to minority people by next October. (VOA: 09)

As per the mango calendar announced in Rajshahi district, the controversy has arisen after the mango plucking date was fixed 10 days earlier than other years. (BBC: 04)

Director: 44813046 **Deputy News Controller: 44813048 44813179** **Assistant News Controller: 44813047 44813178**

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
বৈশাখ ২৪, ১৪৩০ বাংলা, মে ০৭, ২০২৩, রবিবার, নং- ১২৫, ৫৩তম বছর

শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনের ওয়েস্টমিনিস্টার অ্যাবেতে রাজা তৃতীয় চার্লসের অভিষেক অনুষ্ঠানে যোগ দিয়েছেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে একজন সফল অর্থনৈতিক নেতা এবং অনুপ্রেরণা হিসেবে অভিহিত করেছেন। (জাগো এফএম: ১৭,১৮)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, আন্দোলন নয় বরং চক্রান্তের রূপরেখা তৈরি ও ষড়যন্ত্রের মাধ্যমে বিএনপি দেশের অর্থনীতি ধ্বংসের পরিকল্পনা করছে। (রে. টুডে: ১৩)

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশ নিয়ে সমগ্র বিশ্বের প্রশংসা শুনে বিএনপি নেতাদের মাথা খারাপ হয়ে গেছে এবং আবোল তাবোল বকছে। (রে. টুডে: ১৫)

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, সরকার বিচার বিভাগকে সব ধরনের সহায়তা দিতে প্রস্তুত, তবে বিচারপ্রার্থীদের দ্রুত সেবা নিশ্চিত করতে হবে বিচার বিভাগের। (ভোয়া: ০৮)

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, সরকার মেগা প্রজেক্টের নামে মেগা দুর্নীতি করে দেশের টাকা বিদেশে পাচার করে দেশের অর্থনীতিকে ধ্বংস করছে। (রে. তেহরান: ১০)

বিবিএস এর এপ্রিল মাসের মূল্যস্ফীতির হিসাবে দেশের মানুষের জীবনযাত্রার ব্যয়বৃদ্ধির হার কমেছে তবে নিত্যপণ্যের লাগামহীন মূল্যবৃদ্ধিতে সংকটে নিম্ন ও মধ্যমআয়ের মানুষ। (ডয়চে ভেলে: ১১)

বাংলাদেশে শিশু অপহরণ ও হত্যার ঘটনা বৃদ্ধি পাওয়ায় উদ্বিগ্ন এবং আতঙ্কিত হয়ে পড়েছে অভিভাবক মহল। (রে. তেহরান: ১০)

মিয়ানমারের রাখাইন রাজ্য পরিদর্শন করে রোহিঙ্গা প্রতিনিধিরা মিয়ানমারে তাদের নাগরিত্ব ফিরে পাওয়ার দাবি জানিয়েছে। (ভোয়া: ০৫)

পুলিশ জানিয়েছে, জাল সার্টিফিকেট বানানোর চক্রের সঙ্গে বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের কয়েকজন জড়িত রয়েছে এবং তাদেরকে গ্রেফতার করার চেষ্টা চলছে। (বিবিসি: ০৩)

আগামী অক্টোবরের মধ্যে সংখ্যালঘু স্বার্থবান্ধব নির্বাচনী প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নের জন্যে সরকারের কাছে জোর দাবি জানিয়েছেন বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ। (ভোয়া: ০৯)

রাজশাহী জেলায় ম্যাঙ্গো ক্যালেন্ডার অন্যান্য বছরের তুলনায় এবার দশদিন এগিয়ে আনায় এবং আম পাড়ার তারিখ নির্ধারণ করার পর এনিয়ে বিতর্ক তৈরি হয়েছে। (বিবিসি: ০৪)

বিবিসি

যেভাবে লাখ-লাখ টাকায় কেনা-বেঁচা হয়েছে শিক্ষা প্রতিষ্ঠানের জাল সনদপত্র

বহু বছর ধরে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মার্কশীট থেকে শুরু করে সার্টিফিকেট জাল করতো একটি চক্র। একেকটি সার্টিফিকেট ৫০ হাজার থেকে শুরু করে চার লাখ টাকা পর্যন্ত বিক্রি করা হতো। এই চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে ঢাকার মহানগর গোয়েন্দা পুলিশ। এদের একজন বন্ধ হওয়া একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পরিচালক ছিলেন। ঢাকার রামপুরা এলাকার একটি বাড়ির ক্ষুদ্র একটি কক্ষে বসেই বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের, শিক্ষা বোর্ডের নম্বরপত্র ও সনদপত্র দেয়া হতো। বৃহস্পতিবার ও শুক্রবার অভিযান চালিয়ে এই চারজনকে গ্রেপ্তার করেছে ডিবির লালবাগ জোনাল টিম।

ডিবির উপ-পুলিশ কমিশনার মশিউর রহমান বিবিসি বাংলাকে বলেছেন, এই চক্রটি অনেকদিন ধরেই বাংলাদেশের বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নামে স্নাতক ও স্নাতকোত্তর সার্টিফিকেট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ডের নম্বরপত্র ও সনদপত্র জাল করে বিপুল টাকার বিনিময়ে বিক্রি করছিল। এদের সাথে কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারাও জড়িত ছিলেন। পুলিশ কর্মকর্তারা জানিয়েছেন, বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে সংগ্রহ করা মূল কাগজ দিয়েই জাল সনদ তৈরি করা হতো। এই চক্রটি দুই ধরনের সনদ বিক্রি করতো। যেসব সনদ যাচাই করতে হবে না, সেগুলো ৫০ থেকে এক লাখ টাকার মধ্যে বিক্রি করা হতো।

কিন্তু যেসব সনদ ভেরিফিকেশন করা হতে পারে, সেগুলো তিন থেকে চার লাখ টাকায় বিক্রি করা হতো। এক্ষেত্রে কোন কোন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের সাথে যোগসাজশে অনলাইনে অন্তর্ভুক্ত করা হতো, যাতে অনলাইন ভেরিফিকেশনে সেটার সত্যতা পাওয়া যায়। ডিবি কর্মকর্তা মশিউর রহমান বলছেন, নিরাপত্তার বৈশিষ্ট্য সম্বলিত আসল কাগজে এই সার্টিফিকেটগুলো এমনভাবে করা হতো যে, আসলের সাথে কোন পার্থক্য পাওয়া যায় না। দেশে বা বিদেশে কেউ যাচাই করার চেষ্টা করলে সাধারণত অনলাইনেই করে থাকে। এতো নিখুঁতভাবে করা হতো আর অনলাইনে ভেরিফিকেশন করতে পারায় এটি যে জাল, তা আর ধরা যায় না। এভাবে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করতে যেখানে কয়েক বছরে ১০/১২ লাখ টাকা লাগে, মাত্র ৩/৪ লাখ টাকায় সেই সনদ জোগাড় করে নিতো এক শ্রেণীর প্রতারক চক্র। গত কয়েক বছরে এভাবে কয়েক হাজার সনদ, প্রত্যয়ন পত্র, নম্বরপত্র জাল করে বিক্রি করা হয়েছে। যার মাধ্যমে তারা কোটি কাটি টাকা হাতিয়ে নিয়েছে। এসব সনদ নিয়ে অনেকে দেশের বাইরেও পড়তে চলে গেছেন বলে পুলিশ জানতে পেরেছে।

পুলিশের কর্মকর্তারা জানিয়েছেন, এই চক্রের সঙ্গে জড়িত বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের কয়েকজনের নাম তারা জানতে পেরেছেন। এখন তাদের গ্রেপ্তারের চেষ্টা করা হচ্ছে। এর ফলে যারা এসব জাল সনদ নিয়ে বিদেশে চলে যাচ্ছেন বা দেশে চাকরি নিয়েছেন, সেখানকার কর্ম পরিবেশ নষ্ট করার পাশাপাশি দেশের ভাবমূর্তি সংকট তৈরি হচ্ছে বলে কর্মকর্তারা বলছেন।

বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর গত জানুয়ারিতে একটি তদন্তে ৬৭৮ জন শিক্ষকের জাল সনদ শনাক্ত করে ব্যবস্থা নেয়ার সুপারিশ করেছে। এর মধ্যে বিশ্ববিদ্যালয়, বোর্ড, শিক্ষক নিবন্ধনসহ বিভিন্ন ধরনের জাল সনদ রয়েছে। পুলিশের তদন্তে দেখা গেছে, দেশের কয়েকটি বেসরকারি প্রতিষ্ঠান জাল সনদ চক্রের সঙ্গে জড়িত। তারা অর্থের বিনিময়ে বিশ্ববিদ্যালয়ের অনলাইন তালিকায় এসব সনদ অন্তর্ভুক্ত করতো।

বাংলাদেশের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বলছেন, এখনো তাদের কাছে এই বিষয়ে কোন অভিযোগ আসেনি। তবে অভিযোগ বা পুলিশের তদন্তের বিস্তারিত পেলে তারা ব্যবস্থা নেবেন। কমিশনের বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের পরিচালক মোঃ ওমর ফারুক বিবিসি বাংলাকে বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো তো নিজেদের মতো করে সনদ দিয়ে থাকে। এখনো সেটা পুরোপুরি নজরদারি করা সম্ভব হয় না। তবে যে জালিয়াতির কথা বলছেন, সে বিষয়ে অভিযোগ আসলে অবশ্যই বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী আমরা ব্যবস্থা নেবো। তিনি বলছেন, জুলাই নাগাদ বিশ্ববিদ্যালয়গুলোকে অটোমেশনের আওতায় আনার যে প্রক্রিয়া চলছে, সেটা কার্যকর হলে এই ধরনের প্রবণতা কমে যাবে বলে তারা আশা করছেন। কারণ তখন শিক্ষার্থী ভর্তির সঙ্গে মিলিয়ে সনদ বিতরণের তথ্য নজরদারির মধ্যে নিয়ে আসা যাবে।

বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর একটি সমিতি অ্যাসোসিয়েশন অফ প্রাইভেট ইউনিভার্সিটি অফ বাংলাদেশ। এই সংগঠনের একজন পরিচালক বেলাল আহমেদ বেলাল আহমেদ বিবিসি বাংলাকে বলছেন, এসব ক্ষেত্রে মূল ব্যবস্থা নেয়ার দায়িত্ব আসলে ইউজিসির (ইউনিভার্সিটি মঞ্জুরি কমিশনের)। তবে এই ধরনের সুনির্দিষ্ট অভিযোগ আসলে অবশ্যই আমরা খতিয়ে দেখবো এবং সত্যতা পাওয়া গেলে ব্যবস্থা নেয়া হবে।

(বিবিসি ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩, সাইফুর ও নারগীস)

রাজশাহীর 'ম্যাঙ্গো ক্যালেন্ডার' ১০ দিন এগিয়ে আনা নিয়ে বিতর্ক কেন?

বাংলাদেশে রাজশাহী জেলায় ঘোষিত ম্যাঙ্গো ক্যালেন্ডার অনুযায়ী অন্যান্য বছরের তুলনায় এবার দশদিন আগে থেকেই আম পাড়ার তারিখ নির্ধারণ করার পর এনিয়ে বিতর্ক তৈরি হয়েছে। স্থানীয় সংবাদ মাধ্যম ছাড়াও সামাজিক যোগাযোগ মাধ্যমেও ১০ দিন আগে আম পাড়ার তারিখ ঘোষণা করা নিয়ে নানা আলোচনা হচ্ছে। অনেকে একে ভুল হিসেবে উল্লেখ করেছেন। আবার অনেক আম চাষী এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। গত বছর মে মাসের ১৩ তারিখ থেকে গুটি আম পাড়া শুরু হয়েছিল। তবে এবার ৪ মে থেকেই এই আম পাড়া যাবে বলে এ বছরের ম্যাঙ্গো ক্যালেন্ডারে উল্লেখ করা হয়েছে।

সমালোচনাকারীরা বলছেন, এমন সিদ্ধান্তের কারণে আম চাষীরা ক্ষতির মুখে পড়তে পারে। কারণ ৪ মে থেকে গুটি আম পাড়া শুরুর কথা বলা হলেও এখনো অনেক আম পরিপক্ক হয়নি। তবে জেলা প্রশাসন অবশ্য বলছে যে, বাজারে মানসম্মত আম নিশ্চিত করতেই চাষীদের স্বার্থের দিক বিবেচনা করে এই ক্যালেন্ডার তৈরি করা হয়েছে।

রাজশাহীর জেলার প্রশাসক শামীম আহমেদ বলেন, জেলায় উৎপাদিত বিভিন্ন জাতের আম কোন সময় থেকে বিক্রির জন্য পাড়া শুরু করা যাবে, তার সময়সীমা উল্লেখ করে তালিকা প্রকাশ করা হয়। স্থানীয়ভাবে এই তালিকাকে বলা হচ্ছে 'ম্যাঙ্গো ক্যালেন্ডার'।

জেলা প্রশাসক শামীম আহমেদ বলেন, এবার যেহেতু বেশি খরা ছিল সেজন্য আম পাড়ার তারিখ কিছুটা এগিয়ে আনা হয়েছে। এমন আবহাওয়ার কারণে বাঘা উপজেলার কিছু বাগানে গুটি আম পাকতে শুরু করায় তারিখ এগিয়ে আনার বিষয়টিতে জোর দেয়া হয়েছে। কিছু বাগানে বিচ্ছিন্নভাবে কিছু আম পাকছে যেগুলো কৃষকরা বাজারজাত করতে চায়। এই কৃষককে যদি আরো ১০দিন পর্যন্ত ওয়েট করতে হয় তাহলে কিন্তু তার আমগুলো নষ্ট হলে সে বাজারমূল্য থেকে বঞ্চিত হবে।

অসাধু ব্যবসায়ীরা যাতে অপরিপক্ক আম কার্বাইড দিয়ে পাকিয়ে বাজারে আনতে না পারে, সেজন্য পুরো বিষয়টি একটি নিয়মতান্ত্রিক উপায়ের মধ্যে আনতেই ম্যাঙ্গো ক্যালেন্ডার তৈরি করা হয় বলে রাজশাহীর জেলা প্রশাসক জানিয়েছেন। তবে কিছু বাগানে যদি আগেই আম পাকতে শুরু করে, তাহলে সেগুলো যাতে নষ্ট না হয়, বাজারজাত করতে যাতে চাষীদের সমস্যা না হয় এবং কুরিয়ার সার্ভিসও যাতে সেই আম পরিবহনে কোন আপত্তি তুলতে না পারে, সেজন্য ম্যাঙ্গো ক্যালেন্ডার গুরুত্বপূর্ণ।

রাজশাহীর জেলা প্রশাসক বলেন, ম্যাঙ্গো ক্যালেন্ডার চালু করার ফলে মানুষের মধ্যে অপরিপক্ক আমের বিষয়ে সচেতনতা তৈরি হয়েছে। ফলে অপরিপক্ক আম পরিবহন, বাজারজাতকরণ এবং ক্রয়ের ক্ষেত্রে এটি ইতিবাচক প্রভাব ফেলছে। রাজশাহীর জেলা প্রশাসক শামীম আহমেদ বলেন, ম্যাঙ্গো ক্যালেন্ডার তৈরিতে একটি প্রক্রিয়া মানা হয়।

রাজশাহীর জেলা প্রশাসক শামীম আহমেদ জানান, ম্যাঙ্গো ক্যালেন্ডার আসলে কোনো স্বতঃসিদ্ধ নিয়ম নয়। তাই এটি পুঙ্খানুপুঙ্খভাবে মানতে হবে সেটিও বাধ্যতামূলক নয়। উদাহরণ হিসেবে তিনি বলেন, যেসব আম জুন মাসে পাড়া শুরু করার কথা বলা হয়েছে, সেগুলো যদি অপরিপক্ক অবস্থায় মে মাসেই পাড়া হয় এবং কার্বাইড দিয়ে পাকানো হয়, তাহলে সেটি ধরা পড়লে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। কিন্তু সেই আম যদি জুন মাসের আগেই পরিপক্ক হয় এবং পাকতে শুরু করে, তাহলে সেটি বাজারজাত করতে কোনো বাধা নেই। এক্ষেত্রে স্থানীয় কৃষি কর্মকর্তা যারা মাঠ পর্যায়ে কাজ করেন তাদেরকে জানাতে হবে। (বিবিসি ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩, সাইফুর ও নারগীস)

মিয়ানমার গিয়ে কী দেখলো রোহিঙ্গা শরণার্থীদের দল?

রোহিঙ্গা প্রত্যাবাসনের পদক্ষেপ হিসেবে শুক্রবার সকালে মিয়ানমারের কিছু এলাকা ঘুরিয়ে দেখানো হয় কক্সবাজারে থাকা রোহিঙ্গা শরণার্থীদের ২০ জনের একটি দলকে। সেখানে রোহিঙ্গাদের পুনর্বাসনের জন্য মিয়ানমার সরকার যে অবকাঠামো তৈরি করছে, সেগুলো পরিদর্শন করে তারা। পরে দুপুরে টেকনাফে ফিরে স্থানীয় সাংবাদিকদের কাছে তারা সেখানকার পরিস্থিতি নিয়ে তাদের অসন্তোষ প্রকাশ করে। ফেরত আসার পর বিশ জনের দলের অধিকাংশ রোহিঙ্গাই বলছিলেন যে তারা এই ব্যবস্থায় ফিরে যেতে চান না। বিশ জনের ওই দলের একজন সদস্য সৈয়দ আলমের সাথে কথা হয় বিবিসির। মি. আলম ব্যাখ্যা করছিলেন কেন প্রত্যাবাসনের প্রাথমিক ব্যবস্থা নিয়ে ভরসা পাচ্ছেন না তিনি।

রোহিঙ্গাদের ২০ জনের দলটিকে শুক্রবার সকালে একটি ট্রলারে করে টেকনাফ থেকে মিয়ানমারের নাগপুরায় নিয়ে যাওয়া হয়। সেসময় তাদের সাথে বাংলাদেশের কয়েকজন কর্মকর্তা ছিলেন। নাগপুরা থেকে একটি গাড়িতে করে তাদের নেয়া হয় মংডু এলাকার বলিবাজার ক্যাম্পে। রোহিঙ্গা শরণার্থী সৈয়দ আলম বলছিলেন বলিবাজারে যে ক্যাম্পে তাদের নিয়ে যাওয়া হয়, সেখানে প্রায় সাড়ে এগারোশো মানুষের বসবাসের ব্যবস্থা করা হয়েছে। ওই ক্যাম্পে মোট ১১৪৭ জনের থাকার ব্যবস্থা রয়েছে বলে আমাদের জানানো হয়েছে। সেখানে ঘরগুলো দোতলা, টিন দিয়ে তৈরি। একেকটা ঘরের দৈর্ঘ্য আট থেকে বারো হাত, বলছিলেন সৈয়দ আলম। তিনি বলছিলেন দোতলা বাসাগুলোর প্রত্যেকটিতে রান্নাঘর সহ তিনটি রুম রয়েছে। প্রতিটি বাসায় চার-পাঁচজনের একটি পরিবারের থাকার ব্যবস্থা করা হয়েছে। ক্যাম্প এলাকায় বসতবাড়ি ছাড়াও কয়েকটি মসজিদ ও স্কুল নির্মাণ করা হয়েছে বলে বলছিলেন তিনি।

সৈয়দ আলম বলছিলেন বলিবাজার ক্যাম্প বাদে তাদের আরো দু'টি ক্যাম্প ঘুরিয়ে দেখানো হয়েছে। ওই ক্যাম্পগুলোও দেখতে অনেকটা একইরকম, তবে আয়তনে বলিবাজার ক্যাম্পের চেয়ে কিছুটা ছোট। বসবাসের সুব্যবস্থা থাকলেও

সেখানে তাদের যেসব নিয়ম মেনে চলতে হবে, তাতে তাদের চলাফেরার স্বাধীনতা থাকবে না বলে মনে করেন মি. আলম।

ক্যাম্প থেকে বের হতে হলে আমাদের বিশেষ একটি অনুমতিপত্র নিতে হবে। ক্যাম্প এলাকার বাইরে নির্দিষ্ট সময়ের জন্য বের হতে দেয়া হবে। নির্দিষ্ট সময় শেষে আবার ক্যাম্পেই ফিরতে হবে। তার ভাষ্য অনুযায়ী, তাদের মিয়ানমারের নাগরিকত্ব দেয়া হবে কিনা, সে বিষয়েও নিশ্চিতভাবে কিছু জানানো হয়নি তাদের। সেখানে যাওয়ার পর আমাদের প্রথমে এমপিসি (মিয়ানমার পুলিশ ক্লিয়ারেন্স) নিতে হবে। তারপর আমরা নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবো। নাগরিকত্ব পাওয়ার পর ক্যাম্পের বাইরে অন্য এলাকায় আমরা জমি কিনতে পারবো, কারণ তারা আমাদের আগের জমিজমা, সম্পদ ফেরত দেবে না। আর সেটি না করলে আমাদের সারাজীবন ক্যাম্পেই থাকতে হবে।

নাগরিকত্বের জন্য আবেদন করার কতদিনের মধ্যে তারা মিয়ানমারের নাগরিক হবেন বা আদৌ হবেন কিনা, সেবিষয়ে তাদের পরিষ্কার করে কিছু জানানো হয়নি বলে বলছিলেন সৈয়দ আলম। রোহিঙ্গা শরণার্থীরা প্রত্যাবাসনের পরিস্থিতি নিয়ে সন্তুষ্ট না হলেও বাংলাদেশের কর্তৃপক্ষ মিয়ানমারের কার্যক্রম ও পদক্ষেপকে ইতিবাচকভাবেই দেখছেন। রোহিঙ্গাদের যে দলটি শুক্রবার মিয়ানমার সফর করে, তাদের সাথে শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মিজানুর রহমান ছিলেন। তিনি বলছিলেন মিয়ানমারের মংডু অঞ্চল ঘুরে সেখানকার পরিস্থিতি রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জন্য অনুকূলে মনে হয়েছে বাংলাদেশের কর্তৃপক্ষের।

আমরা মংডু শহর ঘুরে দেখেছি অনেক রোহিঙ্গা সেখানে ব্যবসা বাণিজ্য করছে। অনেক রোহিঙ্গাই সেখানে ভালোভাবেই বসবাস করছে। প্রত্যাবাসনকে কেন্দ্র করে রোহিঙ্গাদের অসন্তোষের বিষয়টি নিয়ে প্রশ্ন করা হলে তিনি মন্তব্য করেন যে দুই-একজনের মনোভাব ভিন্ন হতে পারে।

৬০-৭০ বছরে যে সমস্যা সমাধান হয়নি, তা একদিন-দুইদিনে সমাধান হবে না। আমরা প্রত্যাবাসন শুরু করতে চাই। রোহিঙ্গা শরণার্থীদের মধ্যে প্রত্যাবাসন নিয়ে আত্মবিশ্বাস তৈরি করা এখন কর্তৃপক্ষের মূল লক্ষ্য বলে জানান শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার। মিজানুর রহমান জানান কয়েক সপ্তাহের মধ্যে মিয়ানমারের প্রতিনিধি দল রোহিঙ্গা শরণার্থী শিবির সফর করবেন। ওই প্রতিনিধি দলও রোহিঙ্গাদের মধ্যে থাকা উদ্বেগ দূর করে তাদের প্রত্যাবাসনের জন্য রাজি করার চেষ্টা করবেন।

আন্তর্জাতিক অপরাধ আদালতে মামলা, চীনের পক্ষ থেকে চাপের মতো নানা কারণে মিয়ানমার লোক দেখানো এই ধরনের পদক্ষেপ নিচ্ছে বলে মনে করেন তারা। (বিবিসি ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩, সাইফুর ও নারগীস)

ভয়েস অফ আমেরিকা

এভিয়েশন খাতের উন্নয়নে বাংলাদেশ-যুক্তরাজ্য যৌথ বিবৃতি স্বাক্ষর

বাংলাদেশের এভিয়েশন খাত শক্তিশালীকরণের লক্ষ্যে বাংলাদেশ ও যুক্তরাজ্য একটি যৌথ বিবৃতি স্বাক্ষর করেছে। শুক্রবার (৫ মে) যুক্তরাজ্যের লন্ডনে বিমান নির্মাতা এয়ারবাস থেকে যাত্রী ও মালামাল পরিবহনের বিমান ক্রয় এবং বাংলাদেশের এভিয়েশন খাতের উন্নয়নে প্রয়োজনীয় সহযোগিতার জন্য এভিয়েশন পার্টনারশিপ প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে এই যৌথ বিবৃতি সই করা হয়।

বাংলাদেশের পক্ষে দেশটির প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান এবং যুক্তরাজ্যের পক্ষে সেদেশের বিনিয়োগমন্ত্রী লর্ড ডমিনিক জনসন বিবৃতিতে সই করেন। যৌথ বিবৃতিতে সইয়ের পর প্রতিক্রিয়ার এক টুইট বার্তায় যুক্তরাজ্যের বিনিয়োগমন্ত্রী লর্ড ডমিনিক জনসন বাংলাদেশের এভিয়েশন খাত শক্তিশালীকরণে যুক্তরাজ্যের আগ্রহের কথা উল্লেখ করেন। তিনি বলেন, এই উদ্যোগের ফলে, একটি কার্যকর এভিয়েশন পার্টনারশিপের মাধ্যমে বাংলাদেশের এভিয়েশন ইন্ডাস্ট্রি শক্তিশালী হবে। পাশাপাশি উভয় দেশেই নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। এই উদ্যোগের ফলে, বাংলাদেশের এভিয়েশন ইন্ডাস্ট্রির উন্নয়নের পাশাপাশি যুক্তরাজ্যসহ এয়ারবাসের অন্যান্য ইউরোপীয় অংশীদারদের সঙ্গেও বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক দৃঢ়তর হবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

এয়ারবাস থেকে বিমান ক্রয়ের ক্ষেত্রে, ইউকে এক্সপোর্ট ফাইনান্স বাংলাদেশকে সহজ শর্তে দীর্ঘ মেয়াদী ঋণ সুবিধা দেবে। বাংলাদেশের এভিয়েশন সেক্টরের সম্প্রসারণ ও একে বহুমাত্রিক করে গড়ে তুলতে এ উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে এবং যাত্রী পরিবহন ও কার্গো ব্যবসার ক্ষেত্রে বাংলাদেশ বিমানের সক্ষমতাকে অনেক উচ্চ স্থানে নিয়ে যেতে পারে বলে উভয় পক্ষ আশা প্রকাশ করে।

বিবৃতি সই করার পর সন্তোষ প্রকাশ করেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা সালমান এফ রহমান। তিনি বলেন, এই উদ্যোগের ফলে এয়ারবাস এবং বাংলাদেশ বিমানের মধ্যে দীর্ঘ ও কার্যকর সম্পর্ক স্থাপিত হতে যাচ্ছে। এর মাধ্যমে বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি তথা ইইউ'র বর্তমান সম্পর্ক আরো শক্তিশালী হতে পারে।

(ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

মিয়ানমারের রাখাইন পরিদর্শন করেছে প্রতিনিধি দল; রোহিঙ্গাদের দাবি নাগরিকত্ব

রোহিঙ্গাদের ২০ সদস্যসহ ২৭ সদস্যের প্রতিনিধি দল শুক্রবার (৫ মে) মিয়ানমারের রাখাইন রাজ্য পরিদর্শন করেছে। প্রতিনিধি দল ফিরে আসার পর, বাংলাদেশের কক্সবাজার জেলার টেকনাফ-মিয়ানমার ট্রানজিট ঘাটে সাংবাদিকদের

সাথে কথা বলেন দুই রোহিঙ্গা নেতা এবং প্রতিনিধি দলের প্রধান শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (আরআরআরসি) মোহাম্মদ মিজানুর রহমান। রোহিঙ্গা প্রতিনিধিরা মিয়ানমারে তাদের নাগরিত্ব ফিরে পাওয়ার দাবি জানান।

মোহাম্মদ মিজানুর রহমান বলেন, বাংলাদেশের কাছে রোহিঙ্গা সমস্যার একমাত্র সমাধান হচ্ছে প্রত্যাবাসন। সে নিরিখে মিয়ানমারের কাছে বাংলাদেশের প্রস্তাব ছিলো, যারা প্রত্যাবাসিত হবে, সে সকল রোহিঙ্গাদের যেন মিয়ানমারের পক্ষ থেকে কী ব্যবস্থা নেয়া হয়েছে, তা দেখানো হয়। সে নিরিখে আমরা এই পর্যবেক্ষণের নাম দিয়েছিলাম 'গো অ্যান্ড ভিজিট'। তিনি আরো বলেন, মিয়ানমার প্রস্তাব গ্রহণ করেছে। আমরা ২০ জন রোহিঙ্গা নিয়ে মিয়ানমারের মংডুর আশেপাশে, যেখানে তাদের জন্য স্থান ঠিক করা হয়েছে, সেগুলো দেখার পর আমরা ফেরত আসলাম। প্রত্যাবাসনের ব্যাপারে মিয়ানমার সরকারের সদিচ্ছা দেখেছি। আমরা প্রত্যাবাসন শুরু করতে চাই।

কমিশনার বলেন, আমাদের সঙ্গে রোহিঙ্গা প্রতিনিধিরা ছিলেন। মূলত তাদের জন্যই এই আয়োজন। তারা প্রত্যাবাসিত হবে, তাদেরকে স্বচক্ষে সেখানকার পরিস্থিতি দেখানো হয়েছে। মিয়ানমার কর্তৃপক্ষ ব্রিফ করেছে, বিভিন্ন জায়গা দেখিয়েছে। মিয়ানমার কর্তৃপক্ষ এখানে আসবে। রোহিঙ্গাদের সঙ্গে আরো কথা বলবে। সবকিছু করা হয়েছে তাদের আস্থা বৃদ্ধির জন্য, তাদের আশ্বস্ত করার জন্য। মিয়ানমারের প্রতিনিধি দল আসার পর প্রত্যাবাসনের ব্যাপারে পদক্ষেপ নেয়া হবে বলে জানান কমিশনার মোহাম্মদ মিজানুর রহমান। তিনি বলেন, মংডু শহরে প্রচুর রোহিঙ্গা আছে। আমি যতোটুকু তথ্য নিলাম সেখানে প্রায় ৮০ শতাংশ রোহিঙ্গা ব্যবসা করছে। তাদের সঙ্গে কথা বলেছি, তাদের কোনো অসুবিধা হচ্ছে না বলে জানিয়েছেন তারা।

প্রতিনিধি দলের রোহিঙ্গা সদস্য ও ২৬ নম্বর রোহিঙ্গা ক্যাম্পের বাসিন্দা মোহাম্মদ সেলিম বলেন, অনেক বছর পর আমাদের দেশ মিয়ানমার দেখার সুযোগ হয়েছে। আমরা মিয়ানমার গেছি, আমাদেরকে ক্যাম্পগুলো দেখিয়েছে। আমরা জানতে চাইলাম, ক্যাম্প কেনো, কার জন্য? তারা বলেছে, আপনাদের জন্য। আমরা বলেছি, আমরা যদি সিকিউরিটি না পাই, নাগরিকত্ব কার্ড না পাই তাহলে কী হবে। তখন তারা জানিয়েছে, এনভিসি কার্ড নিতে হবে। আমরা বলেছি এনভিসি কার্ড অতিথিদের জন্য, আমাদের এনভিসি কার্ড নেয়া মানে আমরাও অতিথি বা মেহমানের মতো। এক্ষেত্রে আমরা কোনো জমির মালিক হতে পারব না, নাগরিকত্ব পাব না। তিনি আরো বলেন, আমরা দাবি করেছি, আমাদের গ্রামে আমাদের ভিটা-জমি ফিরিয়ে দিতে। তখন আমরা নিজেদের টাকায় ঘর তৈরি করে থাকবো। আমাদের শেষ কথা হয়েছে যে আমাদের নিরাপত্তা, নাগরিকত্ব, ভিটে-মাটি না দিলে আমরা মিয়ানমার ফিরে যাবো না।

প্রতিনিধি দলের সদস্য ও ২৬ নম্বর রোহিঙ্গা ক্যাম্পের বাসিন্দা সুফিয়ান বলেন, সেখানে গিয়ে আমরা আমাদের দাবি দিয়েছি। আমাদের নাগরিকত্ব দাবি করেছি, ভিটামাটি দাবি করেছি, সেগুলো ফেরত দিলে আমরা যাবো, সেটা জানিয়ে এসেছি। আমাদের গ্রামের জায়গাগুলো ঘুরে দেখেছি, কিন্তু সেখানে যাওয়ার মতো এখনো কোনো সুযোগ দেখছি না। আমরা এখানে (বাংলাদেশে) থেকেই দাবি আদায় করে তারপর মিয়ানমার ফিরতে চাই।

উল্লেখ্য, এর আগে বাংলাদেশ থেকে আট লাখের বেশি রোহিঙ্গার একটি তালিকা পাঠানো হয় মিয়ানমারের কাছে। সেই তালিকা থেকে ফেরত নিতে পাইলট প্রকল্প হিসেবে প্রথম দফায় প্রায় এক হাজার ১৪০ জনকে নির্ধারণ করে মিয়ানমার। (ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

শেখ হাসিনাকে অনুপ্রেরণা বলে উল্লেখ করলেন ঋষি সুনাক

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক বলেছেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার জন্য বড় অনুপ্রেরণা। লন্ডনে কমনওয়েলথ সচিবালয়ের মার্লবোরো হাউজে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে তিনি বলেন, আমার স্ত্রী ও দুই মেয়ে আপনার ভক্ত। ঋষি সুনাক ব্রিটেনের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর এটাই ছিলো দুই প্রধানমন্ত্রীর মধ্যে প্রথম বৈঠক। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজা তৃতীয় চার্লসের অভিষেক অনুষ্ঠানে যোগ দিতে লন্ডনে অবস্থান করছেন।

সাক্ষাৎ শেষে যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম সাংবাদিকদের এবিষয়ে অবহিত করেন। সাইদা মুনা তাসনিম জানান, বৈঠকের শুরুতে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাককে অভিনন্দন জানান। অল্প বয়সে এশিয় ঐতিহ্যের প্রথম ব্রিটিশ প্রধানমন্ত্রী হওয়ায় শেখ হাসিনা তাকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, তরুণরা কী করতে পারে, এর একটি দুর্দান্ত উদাহরণ আপনি। যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার জানান, বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা করেন সুনাক। তিনি কোভিড-১৯ মহামারির আগে ও পরে উচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখার সাফল্যের পেছনের কারণ জানতে চান। বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্যের সম্পর্কের কথা তুলে ধরে হাইকমিশনার জানান যে ঋষি সুনাক বলেছেন, আমাদের সম্পর্ক খুব ভালো। আমাদের মধ্যে ৫০ বছরের চমৎকার সম্পর্ক রয়েছে, (ভবিষ্যতে) আরো ভালো হবে।

হাইকমিশনার জানান, আগে ব্রিটেনের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আগে ছিলো সাহায্যভিত্তিক। এখন বাংলাদেশের জিডিপির এক শতাংশ পরিমাণও, সাহায্য থেকে আসে না। ব্রিটিশ প্রধানমন্ত্রী বাংলাদেশ ও ব্রিটেনের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে চান বলে উল্লেখ করেন তিনি। হাইকমিশনার সাইদা মুনা তাসনিম জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বলেছেন, ব্রিটিশ কোম্পানিগুলোর বাংলাদেশে আরো বেশি বিনিয়োগ করা উচিত। রাজা তৃতীয় চালর্সের রাজ্যাভিষেক অনুষ্ঠানে যোগ দিতে ১৩০টি দেশের রাষ্ট্র ও সরকার প্রধান যুক্তরাজ্যে এসেছেন। এর মধ্যে ঋষি সুনাক মাত্র সাতটি দেশের রাষ্ট্র ও সরকার প্রধানদের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেছেন। তাদের মধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অন্যতম।
(ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

৮ মে নাগাদ দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে নিম্নচাপ সৃষ্টি হতে পারে : আবহাওয়া অধিদফতর

দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি নিম্নচাপ সৃষ্টির পূর্বাভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদফতর (বিএমডি)। আবহাওয়াবিদ ড. আবুল কালাম মল্লিক বলেন, ৮ মে নাগাদ দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর এবং এর সংলগ্ন এলাকায় একটি নিম্নচাপ তৈরি হতে পারে।

এদিকে, আবহাওয়া অফিস তাদের নিয়মিত বুলেটিনে জানিয়েছে, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দুই-এক জায়গায় অস্থায়ী দমকা অথবা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। শনিবার (৬ মে) সকাল ৯টায় প্রকাশিত আবহাওয়া বার্তায়, পরবর্তী ২৪ ঘন্টার পূর্ভাবাস দেয়া হয়। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে। আর পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় পশ্চিমাঞ্চলীয় নিম্নচাপ বিরাজ করছে।
(ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

চলতি অর্থবছরে বাংলাদেশের প্রবৃদ্ধি হবে ৫.৫ শতাংশ : আইএমএফ

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) এশিয়া-প্যাসিফিক অঞ্চলের সর্বশেষ প্রতিবেদনে পূর্বাভাস দেয়া হয়েছে যে চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি অর্জনে চীনকে ছাড়িয়ে যাবে বাংলাদেশ। প্রতিবেদনে আরো বলা হয়েছে যে, আগামী অর্থবছরে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে জিডিপি বৃদ্ধির হারের দিক থেকে ভিয়েতনামের পর বাংলাদেশ দ্বিতীয় স্থানে থাকবে।

আইএমএফের এশিয়া ও প্যাসিফিক মে ২০২৩-এর আঞ্চলিক অর্থনৈতিক আউটলুক রিপোর্ট অনুসারে বাংলাদেশে চাহিদা-ব্যবস্থাপনা ধরনের কারণে ২০২৩ সালে জিডিপি প্রবৃদ্ধির হার পাঁচ দশমিক পাঁচ শতাংশে নেমে আসবে, যা এখনো চীনের পাঁচ দশমিক দুই শতাংশের অনুমিত প্রবৃদ্ধির হারের চেয়ে বেশি। তবে বাংলাদেশের চেয়ে চীনের অর্থনীতি অনেক বড়।

আইএমএফের প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশের জন্য সম্প্রতি অনুমোদিত এক্সটেন্ডেড ফান্ড ফ্যাসিলিটি, ইউক্রেনে রাশিয়ার যুদ্ধের কারণে সৃষ্ট অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় সহায়তা করবে। এছাড়া এই তহবিল, স্থিতিস্থাপকতা, টেকসই সুবিধা ব্যবস্থা, জলবায়ু বিনিয়োগের অগ্রাধিকারের অর্থায়ন এবং দীর্ঘমেয়াদী জলবায়ু ঝুঁকির বিরুদ্ধে স্থিতিস্থাপকতা তৈরি করতে আর্থিক স্থানকে প্রসারিত করবে।
(ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

রোহিঙ্গা সংকট সমাধানের একমাত্র উপায় প্রত্যাবাসন : রাষ্ট্রদূত ইয়াও ওয়েন

বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেছেন যে চীন, একটি দায়িত্বশীল দেশ হিসেবে রোহিঙ্গাদের নিজ দেশে প্রত্যাবাসন ত্বরান্বিত করতে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে অবিচলভাবে মধ্যস্থতা করছে। তিনি বলেন, এ সংকট সমাধানের একমাত্র উপায় হলো প্রত্যাবাসন। শনিবার (৬ মে) রাজধানী ঢাকায় আয়োজিত এক সিম্পোজিয়ামে চীনের রাষ্ট্রদূত এ কথা বলেন। কসমস ফাউন্ডেশন এই সিম্পোজিয়ামের আয়োজন করে, এতে সভাপতিত্ব করেন সাবেক পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ড. ইফতেখার আহমেদ চৌধুরী।

রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, স্থানীয় এক বন্ধু একবার আমাকে আন্তরিকভাবে বলেছিলেন, অনেক লোক মুখে মুখে সাহায্যের কথা বলে, কেবল চীন প্রত্যাবাসন ত্বরান্বিত করতে বাস্তব পদক্ষেপ নিচ্ছে।

উল্লেখ্য, বাংলাদেশ কক্সবাজার ও ভাসানচরে ১১ লাখেরও বেশি রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছে। পুনর্বাসনের প্রস্তুতি দেখতে শুক্রবার (৫ মে) ২০ জন রোহিঙ্গাসহ ২৭ সদস্যের একটি প্রতিনিধি দল মিয়ানমারের রাখাইন পরিদর্শন করেছে। তারা রোহিঙ্গাদের জন্য নির্মিত ১৫টি গ্রাম ও অন্যান্য অবকাঠামো পরিদর্শন করেন। এক প্রশ্নের জবাবে রাষ্ট্রদূত ইয়াও বলেন, রোহিঙ্গা ইস্যু একটি মানবিক ট্র্যাজেডি এবং এটি আর কখনোই হওয়া উচিত নয়। তিনি বলেন, চীন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করে, কারণ তিনি বাংলাদেশের মাটিতে এই রোহিঙ্গাদের স্থান দিয়েছেন।

চীনের রাষ্ট্রদূত আরো বলেন, লাখ লাখ রোহিঙ্গাকে আতিথেয়তা দেয়ার জন্য বাংলাদেশ বিশাল ত্যাগ স্বীকার করেছে। কম আগ্রহ এবং আন্তর্জাতিক দাতাদের কম অনুদানের কারণে রোহিঙ্গারা খুব খারাপ পরিস্থিতিতে থাকছেন। এ সংকটের একমাত্র উপায় হলো প্রত্যাবাসন। তিনি বলেন, বাংলাদেশ ও মিয়ানমার দীর্ঘদিন ধরে একে অপরের সঙ্গে আলোচনা করে আসছে এবং আশা করা যাচ্ছে যে দুই দেশ ঐকমত্যে পৌঁছাতে পারবে।

ইয়াও ওয়েন বলেন, জাতিসংঘ নিরাপত্তা পরিষদের পাঁচ স্থায়ী সদস্যের একটি হিসেবে, চীন মধ্যস্থতাকারী ও সহায়তাকারীর ভূমিকা পালনের জন্য কঠোর পরিশ্রম করছে। আশা করি, আন্তর্জাতিক সম্প্রদায়ের সমর্থন এবং বাংলাদেশ ও মিয়ানমারের যৌথ প্রচেষ্টায় প্রত্যাবাসন হবে। আর এটি একটি টেকসই প্রক্রিয়া হবে এবং হওয়া উচিত।

রাষ্ট্রদূত ইয়াও বলেন, বাংলাদেশ ও চীন সবসময়ই মূল স্বার্থের ইস্যুতে একে অপরকে দৃঢ়ভাবে সমর্থন করেছে। আমরা উভয়েই শান্তির জন্য স্বাধীন কূটনীতি অনুসরণ করি। আমরা সার্বভৌমত্ব, স্বাধীনতা, আঞ্চলিক অখণ্ডতা এবং জাতীয় মর্যাদা রক্ষায় একে অপরকে সমর্থন করি। (ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

বাংলাদেশ বহুমাত্রিক কৌশলগত অংশীদার : ইইউ

ইউরোপীয় বাণিজ্য কমিশনার এবং ইউরোপীয় পার্লামেন্টের নির্বাহী ভাইস-প্রেসিডেন্ট ভালদিস ডোমব্রোভস্কিস বাংলাদেশ-ইইউ সম্পর্ক-কে বহুমাত্রিক কৌশলগত অংশীদারিত্ব হিসেবে উল্লেখ করেছেন। তিনি এ বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাজনৈতিক অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। চারদিনের সফরের শেষ পর্যায়ে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম ৫ মে ব্রাসেলসে ইউরোপীয় কমিশনের সদর দপ্তরে ইউরোপীয় বাণিজ্য কমিশনারের সঙ্গে সাক্ষাৎ করেন। এসময় ইউ'র ইবিএ স্কিমের সবচেয়ে বেশি সুবিধাভোগী হিসেবে বাংলাদেশের প্রশংসা করেন ইউরোপীয় বাণিজ্য কমিশনার। তিনি বাংলাদেশের স্বল্পোন্নত দেশ (এলডিসি) মর্যাদা থেকে উন্নীত হওয়ার এবং জিএসপি-প্লাস ছাড়ের জন্য বাংলাদেশের পক্ষে আবেদন করার ব্যাপারে ইইউ'র সমর্থন ব্যক্ত করেন। আর ইইউ-বাংলাদেশ বিজনেস ক্লাইমেট ডায়ালগ এবং ইইউ-বাংলাদেশ চেম্বার অফ কমার্সকে তিনি ইউরোপীয় ও বাংলাদেশি ব্যবসার অর্থপূর্ণ সমন্বয়ের গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে তুলে ধরেন।

ইইউ বাণিজ্য কমিশনার শ্রম খাতে বাংলাদেশের জাতীয় কর্মপরিকল্পনার অভিযোজন এর প্রশংসা করেন। ইবিএ স্কিম, স্বল্পোন্নত দেশ থেকে ইইউ-তে আসা সমস্ত পণ্যের (অস্ত্র ও গোলাবারুদ বাদে) আমদানির জন্য শুল্ক এবং কোটা বাদ দেয়। বাংলাদেশ ও ইইউ অংশীদারিত্বের ৫০ বছর উদযাপন করায় স্বাধীনতার পর থেকে বাংলাদেশের উন্নয়নে ইইউ-এর ভূমিকা কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করেন প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। তিনি অর্থনীতিতে বৈচিত্র্য আনতে এবং উত্তোরণের জন্য প্রস্তুতি নিয়ে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপ এবং ভবিষ্যতে ইইউ-এর ভূমিকার বিষয়ে কমিশনারকে অবহিত করেন।

প্রতিমন্ত্রী বলেন, অংশীদারিত্ব সহযোগিতা চুক্তি দ্রুত সম্পন্ন হবে বলে আশা করছে বাংলাদেশ। আর এই চুক্তি হবে উন্নত সম্পর্ককে সুসংহত করার জন্য একটি গুরুত্বপূর্ণ প্রাতিষ্ঠানিক ও আইনি প্রক্রিয়া।

(ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

দ্রুততার সাথে ন্যায়বিচার নিশ্চিত করুন : বিচারকদের প্রতি আইনমন্ত্রী

বাংলাদেশের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, বিচার বিভাগকে সব ধরনের সহযোগিতা দিতে সরকারের কোন কার্পণ্য থাকবে না। কিন্তু বিচার বিভাগের কাছে একটি চাওয়া থাকবে। তা হচ্ছে বিচারপ্রার্থী সাধারণ মানুষ যেন দ্রুত ন্যায়বিচার পায় এবং তারা যেন মামলার দীর্ঘসূত্রতা থেকে পরিত্রাণ পায়। শনিবার (৬ মে) ঢাকায় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে সিনিয়র সহকারী জজ এবং সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য আয়োজিত রিফ্রেসার কোর্স-এর উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন তিনি।

আইনমন্ত্রী বলেন, সুপ্রতিষ্ঠিত জুডিসিয়াল সিদ্ধান্তগুলো মেনে না চললে জুডিসিয়াল অ্যানার্কি তৈরি হতে পারে। নিশ্চয়ই আমরা কেউ এই অ্যানার্কি চাই না। তার কারণ সমাজ ও দেশের উপর এর প্রভাব হবে ভয়াবহ। তিনি বলেন, দীর্ঘদিনের পুঞ্জিভূত মামলা জট কমানোর দায়িত্ব আমাদের কাঁধে নিতে হবে এবং জনগণ যাতে দ্রুত সুষ্ঠু বিচার পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

আনিসুল হক বলেন, বিচার বিভাগের জন্য বাজেট বাড়ানো হয়েছে। বিচারকদের দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে। এখন বিচারকদের দায়িত্ব মানুষ যেন দ্রুত বিচার পায়, সেটা নিশ্চিত করা। (ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

অপহরণ-ডাকাতির অভিযোগ; টেকনাফের পাহাড় থেকে ৬ জন গ্রেফতার

বাংলাদেশের কক্সবাজার জেলার টেকনাফের দুর্গম পাহাড় থেকে ছয় জনকে আটক করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-র‍্যাব। তাদের বিরুদ্ধে বিভিন্ন সময়ে সাধারণ মানুষকে অপহরণ ও ডাকাতির অভিযোগ রয়েছে বলে জানিয়েছে র‍্যাব। শনিবার (৬ মে) বেলা সাড়ে ১১টার দিকে কক্সবাজার র‍্যাব-১৫ এর কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান র‍্যাবের আইন ও গণমাধ্যম শাখার পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন। তিনি বলেন, সম্প্রতি টেকনাফে অপহরণের প্রবণতা বেড়েছে। এর পর, আমরা গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করি। আমাদের কাছে খবর আসে সালেহ বাহিনী অপহরণের প্রস্তুতি নিচ্ছে। এই তথ্যের ভিত্তিতে আমরা পাহাড়ে অভিযান পরিচলনা করি। এসময় সালেহ বাহিনীর প্রধানসহ ছয়জনকে গ্রেফতার করতে সক্ষম হই।

কমান্ডার মঈন জানান, এসময় তাদের কাছ থেকে ১টি বিদেশি পিস্তল, ৫ রাউন্ড গুলি, দেশে তৈরি ৩টি একনলা বড় বন্দুক, ২টি একনলা মাঝারি বন্দুক, ৬টি একনলা ছোট বন্দুকসহ মোট ১১টি দেশে তৈরি বন্দুক, ১৭ রাউন্ড তাজা কার্তুজ, ৪ রাউন্ড খালি কার্তুজ, ২টি ছুরি ও ৬টি দা উদ্ধার করা হয়। গ্রেফতার ব্যক্তিরা হলেন- কথিত ছালেহ বাহিনীর প্রধান হাফিজুর রহমান ওরফে ছলেহ ডাকাত, নুরুল আলম নূরু, আক্তার কামাল সোহেল, নুরুল আলম লালু, হারুনুর রশিদ ও এরিয়াজ উদ্দিন বাপ্পী।

কমান্ডার মঈন আরও বলেন, গ্রেফতার হওয়া ব্যক্তিরা প্রাথমিকভাবে স্বীকার করেছেন যে টেকনাফের দুর্গম পাহাড়ে অবস্থান করে হাফিজুর রহমান ওরফে ছলেহ ডাকাতের সরাসরি নেতৃত্বে এই চক্রটি অপহরণ ও মুক্তিপণ আদায়, মাদক ব্যবসাসহ অন্যান্য অপরাধ কার্যক্রম পরিচালনা করতেন।
(ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়ন না হলে নতুন করে ভাবতে হবে: রানা দাসগুপ্ত

আগামী অক্টোবরের মধ্যে সংখ্যালঘু স্বার্থবান্ধব নির্বাচনী প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নের জন্যে সরকারের কাছে জোর দাবি জানিয়েছেন বাংলাদেশের হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রানা দাসগুপ্ত। শনিবার (৬ মে) চট্টগ্রামে সংগঠনের বিভাগীয় প্রতিনিধি সভায় দেয়া বক্তব্যে তিনি এ দাবি জানান। তিনি বলেন, অন্যথায় আগামী সংসদ নির্বাচনের আগে ধর্মীয়-জাতিগত সংখ্যালঘুরা নতুন করে ভাবতে বাধ্য হবে। চট্টগ্রামের মোমিন রোডের মৈত্রী ভবন মিলনায়তনে অনুষ্ঠিত প্রতিনিধি সভায় বিভাগের ১৩টি জেলা ও মহানগরের সভাপতি ও সাধারণ সম্পাদক উপস্থিত ছিলেন। এতে সভাপতিত্ব করেন প্রকৌশলী পরিমল কান্তি চৌধুরী।
অ্যাডভোকেট দাসগুপ্ত বলেন, প্রধানমন্ত্রীর উপরে আমরা শেষ ভরসা রাখতে চাই। তিনি তার নির্বাচনী অঙ্গীকারগুলো অচিরেই বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করবেন বলে আশা প্রকাশ করি। তিনি ধর্মীয়-জাতিগত সংখ্যালঘু ভোটারদের অবজ্ঞা, অবহেলা ও উপেক্ষা না করার জন্য সকল গণতান্ত্রিক রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানান। কেন্দ্রীয় সভাপতিমণ্ডলীর সদস্য মিলন কান্তি দত্ত, দাবি আদায়ে আলোচনার পাশাপাশি জোরদার আন্দোলন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক মনীন্দ্র কুমার নাথ বলেন, লক্ষ্য অর্জিত না হওয়া পর্যন্ত আমরা ঘরে ফিরে যাবো না। সম্প্রতি নেত্রকোণায় স্কুলছাত্রী মুক্তি রাণী বর্মণের হত্যাকাণ্ডে ক্ষোভ প্রকাশ করেন বক্তারা। তারা এ ঘটনার জন্য দায়ী ব্যক্তির শাস্তি নিশ্চিত করতে জোর দাবি জানান।
(ভোয়া ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ আলী আহমেদ ও নারগীস)

রেডিও তেহরান

কিশোরগঞ্জে পাগলা মসজিদের ৮টি দানবাক্সে এবার মিলল ১৯ বস্তা টাকা

কিশোরগঞ্জের ঐতিহাসিক পাগলা মসজিদের দান সিন্দুক চারমাস পর আবারোও খোলা হয়েছে। শনিবার (৬ মে) আজ সকাল ৮টায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এটিএম ফরহাদ চৌধুরীর তত্ত্বাবধানে দানবাক্সগুলো খোলা হয়। এবার ৮টি দানবাক্স খুলে পাওয়া গেছে ১৯ বস্তা টাকা। চলছে গণনার কাজ। কিশোরগঞ্জের স্থানীয় সাংবাদিক মোঃ মনির হোসেন রেডিও তেহরানের অনলাইন সংস্করণ পার্সটুডেকে জানিয়েছেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও দানসিন্দুক খোলা কমিটির আহ্বায়ক কাজী মহুয়া মমতাজ এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এ টি এম ফরহাদ চৌধুরীর নেতৃত্বে আজ সকাল আটটায় সিন্দুকগুলো খোলা হয়।
টাকা গণনা কাজে সিনিয়র সহাকরী কমিশনার শেখ জাবের আহমেদ, সিরাজুল ইসলাম, সহকারী কমিশনার মোছা. নাবিলা ফেরদৌস, সাদিয়া আফরীন তারিন, মসজিদের পেশ ইমাম মুফতি খলিলুর রহমান ও রূপালী ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) রফিকুল ইসলাম, সিবিএ নেতা মো. আনোয়ার পারভেজসহ ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং মসজিদ কমপ্লেক্সে অবস্থিত মাদরাসা ও এতিমখানার শিক্ষক-শিক্ষার্থীরা অংশ নিয়েছেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এটিএম ফরহাদ চৌধুরী জানান, ৮টি দানবাক্স খুলে ১৯ বস্তা টাকা পাওয়া গিয়েছে। এখন চলছে গণনার কাজ। গণনা শেষে টাকার পরিমাণ উল্লেখ করা যাবে। টাকা গণনায় অংশ নেন মাদরাসা ও এতিমখানার শিক্ষক-শিক্ষার্থীরা।
এর আগে চলতি বছরের ৭ জানুয়ারি দানবাক্সগুলো খোলা হয়েছিল। তখন ৮টি দানবাক্স থেকে তিন মাস ছয় দিনে পাওয়া গিয়েছিল ৪ কোটি ১৮ লাখ ১৬ হাজার ৭৪৪ টাকা। এছাড়াও দান হিসেবে পাওয়া গিয়েছিল বৈদেশিক মুদ্রা ও স্বর্ণালঙ্কার। মসজিদ কমিটির সভাপতি ও জেলা প্রশাসক মোহাম্মদ আবুল কালাম আজাদ গণমাধ্যমকে জানান, পাগলা মসজিদ ও ইসলামি কমপ্লেক্সের খরচ চালিয়ে দানের বাকি টাকা ব্যাংকে জমা রাখা হয়। এ থেকে জেলার বিভিন্ন মসজিদ, মাদ্রাসা ও এতিমখানায় অনুদান দেওয়ার পাশাপাশি অসহায় ও জটিল রোগে আক্রান্ত ব্যক্তিদের সহায়তাও করা হয়। এ ছাড়া মসজিদের জমানো টাকা দিয়ে এখানে মসজিদ-মাদ্রাসাসহ অর্ধলক্ষ মুসল্লি যাতে একত্রে নামাজ আদায় করতে পারেন, এ রকম আকর্ষণীয় একটি ইসলামি কমপ্লেক্স নির্মাণের পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এতে প্রায় ১২০ কোটি টাকা খরচ হতে পারে।
কথিত আছে- প্রায় ৫০০ বছর আগে বাংলার ১২ ভুঁইয়া বা প্রতাপশালী ১২ জন জমিদারের অন্যতম ঈশা খাঁর আমলে 'দেওয়ান জিলকদর খান ওরফে জিল কদর পাগলা' নামে একজন ব্যক্তি নদীর তীরে বসে নামাজ পড়তেন। পরবর্তী সময়ে ওই স্থানটিতে মসজিদটি নির্মিত হয়। জিল কদর পাগলার নামানুসারেই মসজিদটি 'পাগলা মসজিদ' নামে পরিচিতি পায়। সাধারণ মানুষের বিশ্বাস এখানে মানত করলে মনোবাসনা পূর্ণ হয়। আর এ কারণেই মূলত দূর-দূরান্তের মানুষও এখানে মানত বা দান করতে আসেন। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৬.০৫.২০২৩ সোনিয়া ও নারগীস)

কোনো স্বৈরাচার সরকারই আপসে ক্ষমতা ছাড়েনি : মন্তব্য মোশাররফের

কোনো স্বৈরাচার সরকারই আপসে ক্ষমতা ছাড়েনি বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন। আজ (শনিবার) জাতীয় প্রেস ক্লাবের সামনে মুক্তিযোদ্ধা দল আয়োজিত মানববন্ধনে যোগ দিয়ে তিনি একথা বলেন। খন্দকার মোশাররফ হোসেন বলেন, অতীতের নির্বাচনগুলোতে প্রমাণ হয়েছে বর্তমান সরকারের অধীনে অংশগ্রহণমূলক সুষ্ঠু নির্বাচন হয়নি, ভবিষ্যতেও হতে পারে না। ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে সরকারকে বিদায় জানানো হবে বলে মন্তব্য করেন, এই বিএনপি নেতা।

বিএনপির স্থায়ী কমিটির এই সদস্য আরো বলেন, সরকার মেগা প্রজেক্টের নামে মেগা দুর্নীতি করে দেশের টাকা বিদেশে পাচার করে দেশের অর্থনীতিকে ধ্বংস করছে। একই সাথে সরকার দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি ঠেকাতে পারছে না বলেও অভিযোগ করেন তিনি।

এদিকে, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি আন্দোলনে ব্যর্থ হয়ে এখন দেশের অর্থনীতি ধ্বংসের ফন্দি আঁটছে এবং ষড়যন্ত্রের রূপরেখা তৈরি করছে। আজ (শনিবার) সকালে রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাদের সঙ্গে যৌথসভায় এসব তিনি এ কথা বলেন।

এসময় কাদের আরো বলেন, বৈশ্বিক এই সংকটের মধ্যে দেশের বাজেট সহযোগিতার জন্য বিদেশ থেকে বিশাল অর্থ সহায়তা আনার সফরকে কটাক্ষ করছে বিএনপি। তারা কখনো দেশের ভালো চায় না বলেই, সবসময় সরকারের সমালোচনায় করে। জনগণের ভোটে ক্ষমতায় যেতে পারবে না জেনেই বিএনপি এখন দেশের অর্থনীতির ভীত ধ্বংস করতে চায় বলেও অভিযোগ করেন ওবায়দুল কাদের।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৬.০৫.২০২৩ সোনিয়া ও নারগীস)

বাংলাদেশে শিশু অপহরণ ও হত্যার ঘটনা বৃদ্ধিঃ আতঙ্ক ও উদ্বেগে অভিভাবকরা

বাংলাদেশে আবারো বেড়েছে শিশু অপহরণ ও হত্যার ঘটনা। গেল কয়েক মাসে চট্টগ্রামে একের পর এক শিশু অপহরণ ও হত্যার ঘটনায় অভিভাবকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। ইপিজেড এলাকায় শিশু আয়াতকে হত্যার পর ছয় টুকরো করে খালে ফেলে দেওয়া এবং জামালখান এলাকায় প্রথম শ্রেণির ছাত্রী বর্ষাকে ধর্ষণের পর হত্যার ঘটনার রেশ না কাটতেই পাহাড়তলীতে চতুর্থ শ্রেণির ছাত্রী আবিদা সুলতানা আয়নী অপহরণ ও হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। ২১ মার্চের ওই ঘটনার দেড় মাসের মাথায় নগরীর চান্দগাঁও থানার পশ্চিম মোহরা এলাকার নির্মাণাধীন ভবন থেকে রহিম নামে ১১ বছর বয়সি এক শিশুর লাশ উদ্ধার করেছে পুলিশ। এমন পরিস্থিতিতে উদ্বিগ্ন অভিভাবক মহল।

রাজধানী ও আশপাশের এলাকায়ও বেড়েছে শিশু অপহরণের ঘটনা। সংঘব্ধ বেশ কয়েকটি চক্র ৮ থেকে ১৬ বছর বয়সী শিশুদের টার্গেট করে অপহরণ করছে। এমনই একটি চক্রকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের একটি দল। ডিএমপির উত্তরা জোনের উপ পুলিশ কমিশনার মোর্শেদ আলম জানান, এই অপহরণকারী চক্রের সদস্যরা বিভিন্ন শিক্ষা-প্রতিষ্ঠানের সামনে ঘোরাফেরা করে। তাদের টার্গেট আট থেকে ১৬ বছরের শিশু। যারা মোবাইল ফোন ব্যবহার করে না। তবে বাবা কিংবা মায়ের মোবাইল নাম্বার মুখস্থ। কিছু সময় শিশুদের সঙ্গে গল্প করতে করতে ওই শিশুর পরিবারের কাছে টাকা দাবি করা হয়। ৫ থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত দাবি করা হয়। এভাবে গত ৫/৬ বছরে অন্তত আড়াই থেকে তিনশ' শিশুকে অপহরণ করে কৌশলে মুক্তিপণ আদায়ের পর আবার ছেড়ে দেওয়া হয়।

কোমলমতি শিশুদের টার্গেট করে এই অপরাধপ্রবণতা বেড়েই চলছে। বিভিন্ন ঘটনার বিশ্লেষনে দেখা গেছে বড়রা নিজেদের স্বার্থ হাসিলের জন্য নিষ্পাপ শিশুদের অপহরণ করে মুক্তিপণ আদায় করছে। অনেক সময় মুক্তিপণ না পেলে এসব শিশু হত্যার শিকার হচ্ছে। শুধু হত্যা নয় নৃশংসভাবে হত্যার ঘটনাও অহরহ। এভাবে বড়দের লোভ-দ্বন্দ্ব, স্বার্থ ও জেদের কারণে জন্মের পরপরই অনেক শিশুদের জীবনের গতি থেমে যাচ্ছে। অঙ্কুরেই নিভে যাচ্ছে তাদের জীবন প্রদীপ। শেষ হচ্ছে একটি স্বপ্নের।

অপরাধ বিশেষজ্ঞ ও সমাজ বিজ্ঞানীরা বলছেন, মাদকতা, নৈতিক অবক্ষয়, পরকীয়া, সাইবার দুনিয়ার প্রতি নিয়ন্ত্রণহীন আসক্তি ও পারিবারিক বিশৃঙ্খল জীবনে শিশুরা বেশি ক্ষতির শিকার। সাংস্কৃতিক ও অর্থনৈতিক অস্থিরতা পরিবারে শিশুদের ওপর প্রভাব ফেলছে।

এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিশ্ববিদ্যালয়ের সমাজ কল্যাণ ও গবেষণা ইন্সটিটিউটের শিক্ষক ও অপরাধবিশ্লেষক ড. তৌহিদুল হক বলেন, সামাজিক, পারিবারিক ও নৈতিক অবক্ষয়ের কারণে শিশুর প্রতি নৃশংসতার মাত্রা বাড়ছে। শিশুদের প্রতি প্রতিহিংসার জন্য আকাশ সংস্কৃতি এবং প্রযুক্তির অপব্যবহার অনেকাংশে দায়ী। এ ছাড়া সমাজ ও পরিবারের মধ্যে স্বার্থপরতা বাড়ছে। অনৈতিক ও আপত্তিকর কর্মকাণ্ডে মানুষ জড়িয়ে পড়ছে। এসবের কারণে শিশুরা অনিরাপদ হয়ে পড়ছে। তিনি বলেন, আমাদের নৈতিকতার জায়গাও দুর্বল হয়েছে। পরিবারে একে অন্যের প্রতি ভালোবাসার বন্ধন নড়বড়ে। দায়িত্ববান হওয়ার চেয়ে দায়িত্বহীন হওয়ার প্রবণতা বেড়েছে। তিনি বলেন, শিশুদের সুরক্ষায় যে আইন আছে তার প্রয়োগও কম। তাই আইনের কঠোর প্রয়োগের পাশাপাশি সচেতনতা বৃদ্ধি করতে হবে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৬.০৫.২০২৩ সোনিয়া ও নারগীস)

এনএইচকে

কোভিড-১৯'এর বৈশ্বিক জরুরি অবস্থা প্রত্যাহারের ঘোষণা ডব্লিওএইচও'র

বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা ডব্লিউএইচও ঘোষণা করেছে যে, কোভিড-১৯ আর আন্তর্জাতিক উদ্বেগের জনস্বাস্থ্যগত জরুরি অবস্থা নয়। সংস্থাটির মহাপরিচালক তেদ্রোস আধানোম ঘেব্রেইয়েসুসের ভাষ্যমতে, একটি জরুরি কমিটির পরামর্শের ভিত্তিতে কোভিড সংক্রান্ত জরুরি অবস্থা প্রত্যাহার করা হয়েছে। তিনি আরো বলেন, ভাইরাসটি গত সপ্তাহেও প্রতি তিন মিনিটে একজনের জীবন কেড়ে নেয়ায় কোভিড-১৯ এখনো একটি হুমকি হিসেবে রয়ে গেছে। এছাড়া, সম্ভাব্য নতুন ধরনের পাশাপাশি সংক্রমণের ঘটনা আবারো বৃদ্ধির কথাও উল্লেখ করেন ডব্লিউএইচও'র প্রধান।

উল্লেখ্য, ২০২০ সালের জানুয়ারি মাসে কোভিড-১৯ নিয়ে তাদের সর্বোচ্চ স্তরের সতর্কতা জারি করে ডব্লিউএইচও। এপর্যন্ত বিশ্বজুড়ে ৭০ কোটিরও বেশি সংক্রমণের ঘটনা নিশ্চিত করা হয়েছে এবং এতে প্রায় ৭০ লক্ষ মানুষের প্রাণহানি ঘটেছে। (এনএইচকে ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ সোনিয়া ও নারগীস)

ডয়চে ভেলে

নিত্যপণ্যের ঊর্ধ্বগতি, মূল্যস্ফীতির নিম্নগতি

নিত্যপণ্যের লাগামহীন মূল্যবৃদ্ধিতে সংকটে বাংলাদেশে নিম্ন ও মধ্যম আয়ের মানুষ। তবে মূল্যস্ফীতির পরিসংখ্যান বলছে, জীবনযাত্রার ব্যয়বৃদ্ধির হার কমছে। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে সংকটে নানা শ্রেণির মানুষ। রাজধানী ঢাকার বাজারগুলোতে যেকোনো সবজি কিনতে গুণতে হচ্ছে ৮০ থেকে ১০০ টাকা। চিনি নিয়ে অস্বস্তি তো আছেই। ভোজ্য তেলের দাম আরেক দফা বাড়ানো হয়েছে। স্বস্তির খবর নেই কোনো পণ্যেই। এমন পরিস্থিতিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এপ্রিল মাসের মূল্যস্ফীতির হিসাব প্রকাশ করেছে। সেখানে দেখা যাচ্ছে, মার্চের তুলনায় এপ্রিলে মূল্যস্ফীতি সামান্য কমেছে। এপ্রিলে দেশে সার্বিক মূল্যস্ফীতি কমে দাঁড়িয়েছে নয় দশমিক দুই-চার শতাংশে। যেখানে আগের মাসে ছিল নয় দশমিক তিন-তিন শতাংশ। মার্চে খাদ্য মূল্যস্ফীতি ছিল নয় দশমিক শুন্য-নয় শতাংশ। এই হার এপ্রিলে নয় শতাংশের নিচে নেমে এসেছে।

শনিবার রাজধানীর বিভিন্ন কাঁচাবাজার ঘুরে দেখা যায়, বাহারি সবজিতে বাজার ভরপুর থাকলেও বিক্রি হচ্ছে চড়া দামে। এতে বিপাকে পড়েছেন ক্রেতারা। বাজারে প্রতি কেজি টমেটো ৪০ থেকে ৬০ টাকা, বেগুন ৬০ থেকে ৭০ টাকা, পটল ৮০ টাকা, শসা ৬০ টাকা, ধন্দুল ৭০ টাকা, করলা ৮০ থেকে ১০০ টাকা, ঢেঁড়শ ৬০ থেকে ৮০ টাকা, পেঁপে ৬০ থেকে ৭০ টাকা, চিচিঙ্গা ৬০ টাকা দরে বিক্রি হচ্ছে। আর প্রতি কেজি কাঁচামরিচ বিক্রি হচ্ছে ৬০ থেকে ১০০ টাকা পর্যন্ত। শেওড়াপাড়া কাঁচাবাজারের বিক্রেতা আজিজুল হক ডয়চে ভেলেকে বলেন, সবজির দাম আগে থেকে বাড়তি। আমাদের পাইকারি বাজার থেকে বেশি দামে সবজি কিনতে হয়। বাজারে পণ্যের সরবরাহ কিছুটা কম। সবজির দাম নির্ভর করে সরবরাহের ওপর, সরবরাহ বাড়লে দাম কমে যাবে।

মসলাজাতীয় পণ্য পিঁয়াজ এবং আদার দামও এক সপ্তাহের ব্যবধানে দশ থেকে কুড়ি টাকা বেড়েছে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের এই মূল্যবৃদ্ধিতে কষ্টে আছেন নির্দিষ্ট আয়ের মানুষ। বেসরকারি একটি ব্যাংকের কর্মকর্তা রুবিনা আক্তার খান ডয়চে ভেলেকে বলেন, কিছু খরচে তো আর আমাদের হাত নেই। যেমন বাচ্চারের স্কুলের খরচ। সেগুলো তো করতেই হচ্ছে। নির্দিষ্ট আয়ে কীভাবে সামাল দিচ্ছেন? জানতে চাইলে এই ব্যাংক কর্মকর্তা বলেন, আগে যেখানে মাসে একবার বা দুইবার গরুর মাংস কিনতাম, এখন কয়েক মাস হলো কিনিই না। কারণ ৮০০ টাকা কেজি। আবার বাজারে গিয়ে টমেটো বা শশা কিনি না, যেসব সবজির দাম কম সেগুলো কিনি। আগে যেসব মাছ কিনতাম, এখন আর সেগুলো কিনছি না। যেগুলোর দাম কম, শুধু সেই মাছ কিনছি। মুরগি কিনি না, ডিম দিয়েই প্রোটিনের চাহিদা পূরণ করছি। এভাবেই আসলে আয়ের মধ্যে রাখতে হচ্ছে মাসের খরচ।

গত বুধবার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এপ্রিল মাসের মূল্যস্ফীতির হার প্রকাশ করেছে। সেখানে দেখা যাচ্ছে, মার্চের তুলনায় এপ্রিলে মূল্যস্ফীতি সামান্য কমেছে। এপ্রিলে খাদ্যবহির্ভূত মূল্যস্ফীতিই ছিল সবচেয়ে বেশি ৯ দশমিক ৭২ শতাংশ। আর খাদ্য মূল্যস্ফীতি ছিল ৮ দশমিক ৮৪ শতাংশ। মার্চের তুলনায় এপ্রিলে খাদ্য মূল্যস্ফীতি কমেছে। তবে খাদ্যবহির্ভূত মূল্যস্ফীতি আগের মাসের মতোই রয়েছে। কেউ কেউ বলছেন, খাদ্য মূল্যস্ফীতি কমার কারণেই মূলত গত মাসে সার্বিক মূল্যস্ফীতির হার আগের মাসের তুলনায় খানিকটা কমেছে। মার্চে খাদ্য মূল্যস্ফীতি ছিল ৯ দশমিক ০৯ শতাংশ। এই হার এপ্রিলে ৮ দশমিক ৮৪ শতাংশ।

নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির মধ্যেও খাদ্য মূল্যেস্ফীতি কীভাবে কমছে? জানতে চাইলে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়লগের (সিপিডি) গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম ডয়চে ভেলেকে বলেন, সবগুলো খাদ্যপণ্য মূল্যস্ফীতিতে প্রভাব ফেলে না। বিশেষ করে চালের দাম বাড়লে মূল্যস্ফীতিতে প্রভাব পড়ে। কিন্তু কয়েকমাস ধরে চালের দাম স্থিতিশীল। এমন কী কোনো ক্ষেত্রে কমেছেও। যেসব পণ্যের দাম বাড়ছে, এগুলো মূলত আমদানি পণ্য। যেমন তেল, চিনি, পিঁয়াজ। এগুলো খুব বেশি মূল্যস্ফীতিতে প্রভাব ফেলে না। এ কারণে মার্চের তুলনায় এপ্রিলে খাদ্যে মূল্যস্ফীতি কমে এসেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ০৬.০৫.২০২৩ সোনিয়া ও নারগীস)

রেডিও এবিসি

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সফল অর্থনৈতিক নেতা হিসেবে অভিহিত করেছেন ঋষি সুনাক

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে একজন সফল অর্থনৈতিক নেতা হিসেবে অভিহিত করেছেন। বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তিনি অনুসরণ করেন। শুক্রবার কমনওয়েলথ সেক্রেটারিয়েট দ্বিপক্ষীয় সভাকক্ষে সুনাক প্রধানমন্ত্রীকে এসব কথা বলেন। যুক্তরাজ্যে বাংলাদেশের হাই কমিশনার সাইদা মুনা তাসনিম এই তথ্য জানিয়েছেন। (রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

মিয়ানমারের রাখাইন রাজ্য পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছে রোহিঙ্গা প্রতিনিধি দল

কক্সবাজারের আশ্রয় শিবিরে থাকা ২০ সদস্যের প্রতিনিধি দলটি মিয়ানমারের রাখাইন রাজ্য পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছে। রাখাইনের পরিবেশ পরিস্থিতি অনেক ভালো বলে দাবি করছে তারা।
(রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

টানা চতুর্থ দিনের মতো বন্ধ আছে নওগাঁ-বগুড়া রুটে বাস চলাচল

টানা চতুর্থ দিনের মতো নওগাঁ-বগুড়া রুটে বাস চলাচল বন্ধ আছে। সড়কে নতুন বাস নামানোকে কেন্দ্র করে বুধবার এই রুটে বাস চলাচল বন্ধ করে দেন মালিকরা। দুই জেলার বাস মালিকদের দ্বন্দ্বে নওগাঁ-বগুড়া রুটে বাস চলাচল বন্ধ থাকায় বিপাকে সাধারণ যাত্রীরা। (রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

নারায়ণগঞ্জের রূপগঞ্জে চুল্লি বিস্ফোরণের ঘটনায় দগ্ধ আরও একজন শ্রমিক মারা গেছেন

নারায়ণগঞ্জের রুপগঞ্জ- এ স্টিল কারখানায় লোহা গলানোর সময় চুল্লি বিস্ফোরণের ঘটনায় দগ্ধ আরও একজন শ্রমিক মারা গেছেন। এই নিয়ে এ ঘটনায় পাঁচ শ্রমিকের মৃত্যু হল। সর্বশেষ মারা যাওয়া শ্রমিকের নাম গোলাম রব্বানী। রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে শনিবার দিবাগত রাত বারোটার পর তিনি মারা যান। (রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

মারা গেছেন আগুনে দগ্ধ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মেহেদী হাসান

রাজধানীর গেন্ডারিয়া ধুপখোলা বাজার এলাকায় গ্যাস লাইনের লিকেজ থেকে বিস্ফোরণের আগুনে দগ্ধ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর মেহেদী হাসান মারা গেছেন। শনিবার শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। (রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

তৃতীয় চার্লসের রাজ্য অভিষেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

যুক্তরাজ্যের রাজা হিসেবে শপথ নিয়েছেন তৃতীয় চার্লস। ব্রিটিশ রাজতন্ত্রের চল্লিশতম সিংহাসন আরোহী হিসেবে আজ শনিবার তিনি রাজ শপথ নেন। একইসঙ্গে রাজ্য অভিষেক হয়েছে চার্লসের স্ত্রী কুইন কনসার্ট ক্যামেলিয়ার। ক্যাটাগরি আর্চ বিশপ জাস্টিন জ্যালভি রাজা চার্লসের শপথ অনুষ্ঠান পরিচালনা করেন। রাজা চার্লসের রাজ্য অভিষেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশের প্রধানমন্ত্রীসহ প্রায় একশোটি দেশের রাষ্ট্রপ্রধান ও বিশ্বের গণ্যমান্য ব্যক্তিরা।
(রেডিও এবিসি: ১৮০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

ঢাবি ছাত্রদলের নেতাকর্মীদের উপর ছাত্রলীগের নেতাকর্মীদের হামলার অভিযোগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের ফুল দিয়ে শুভেচ্ছা জানাতে ক্যাম্পাসে এসেছিলেন ছাত্রদলের নেতাকর্মীরা। তাদের অভিযোগ ফুল দেয়া শেষে ফেরার পথে তাদের উপর হামলা চালিয়েছে ছাত্রলীগ। তবে অভিযোগ অস্বীকার করে ছাত্রলীগ বলছে তারা ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের সহযোগিতা করতে ব্যস্ত ছিল। হামলার বিষয়ে তাদের জানা নেই।
(রেডিও এবিসি: ১৮০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

বিএনপির আন্দোলনের রূপরেখা রাজনীতির নয়, ষড়যন্ত্রের : ওবায়দুল কাদের

বিএনপির আন্দোলনের রূপরেখা রাজনীতির নয়, ষড়যন্ত্রের এবং তারা এখন দেশের অর্থনীতিকে ধ্বংস করার ফন্দি আটছে বলে মনে করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ সকালে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাদের সভায় তিনি এ কথা বলেন। (রেডিও এবিসি: ১৮০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

আগামী সেপ্টেম্বরের শেষে কক্সবাজার রেল লাইনের উদ্বোধন করতে পারেন প্রধানমন্ত্রী

আগামী সেপ্টেম্বরের শেষ সপ্তাহে দোজাহারী-কক্সবাজার রেললাইন উদ্বোধন করতে পারেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ লাইন চালু হলে সারা দেশের মানুষের ট্রেনে করে পর্যটন শহর কক্সবাজারে যাওয়ার স্বপ্ন পূরণ হবে। আজ শনিবার সকালে চট্টগ্রাম সার্কিট হাউসে এক মতবিনিময় সভায় রেলপথ মন্ত্রণালয়ের সচিব মোঃ হুমায়ুন কবির এ কথা বলেন।
(রেডিও এবিসি: ১৮০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মালামাল নিয়ে রাশিয়ার একটি জাহাজ পৌঁছেছে মোংলা সমুদ্রবন্দরে

পাবনার রূপপুরে নির্মাণাধীন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মালামাল নিয়ে রাশিয়া থেকে আসা আনকাসান নামের একটি জাহাজ শনিবার দুপুরে বাগেরহাটের মোংলা সমুদ্র বন্দরের ৮ নাম্বার জেটিতে নোঙ্গর করে। জাহাজটিতে পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের ১৬২৭.৯০৪ মেট্রিক টন যন্ত্রপাতি আনা হয়েছে।
(রেডিও এবিসি: ১৮০০ ঘ. ০৬.০৫.২৩ এলিনা ও কোহিনুর)

রেডিও টুডে

বৃটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনাকের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বৃটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনাকের সঙ্গে শেখ হাসিনার প্রথম দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় সময় শুক্রবার বিকেলে লন্ডনের পলমলে কমনওয়েল সেক্রেটারিয়েটের মার্লবোরো হাউসের দ্বিপাক্ষিক বৈঠক কক্ষে দুই নেতার এই বৈঠক হয়। গত বছরের ২৫ শে অক্টোবর ঋষি সুনাক ব্রিটেনের দায়িত্ব নেওয়ার পর দুই নেতার এটিই প্রথম বৈঠক। বৈঠকের আগে শুক্রবার স্থানীয় সময় শুক্রবার দুপুর ২ টার দিকে লন্ডনের পলমলে কমনওয়েলথ সেক্রেটারিয়েটের মার্লবোরো হাউসে কমনওয়েলথ লিডারস ইভেন্টে যোগ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ অনুষ্ঠানে বিভিন্ন রাষ্ট্র ও সরকার প্রধানদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন কমনওয়েলথ প্রধান ব্রিটিশ রাজা তৃতীয় চার্লস। এছাড়া মার্লবোরো হাউসের বাগানে কমনওয়েল পরিবারের সঙ্গে ফটো সেশনে অংশ নেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরে একই স্থানে কমনওয়েলথ চেয়ারম্যান ও রুয়ান্ডার প্রেসিডেন্ট পলকাগামের সভাপতিত্বে অনুষ্ঠিত একটি আলোচনায় অংশগ্রহণ করেন বিভিন্ন রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানরা। (রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

বাংলাদেশ বিমানের কাঠমান্ডুগামী ফ্লাইট ভারতের পাটনায় জরুরি অবতরণ

ঢাকা থেকে ছেড়ে যাওয়া বিমান বাংলাদেশ এয়ারলাইনসের কাঠমান্ডুগামী একটি ফ্লাইট ভারতের বিহারের রাজধানী পাটনার জয় প্রকাশ নারায়ণ আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণ করেছে। শুক্রবার স্থানীয় সময় দুপুর ১২টার দিকে কারিগরি ত্রুটির কারণে বিমানটি জরুরি অবতরণ করে বলে জানা যায়। সে সময় বিমানটিতে মোট ৭৭ যাত্রী ছিলেন। ভারতের ডিরেক্টটরেট জেনারেল অফ সিভিল এভিয়েশন এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। বিবৃতির তথ্য অনুযায়ী, ঢাকা থেকে ছেড়ে যাওয়া বিমান বাংলাদেশের কাঠমান্ডুগামী বোয়িং ফ্লাইট-৩৭১ ফ্লাইটটি কারিগরি ত্রুটির কারণে শুক্রবার পাটনায় অবতরণ করে। পরে বিমানের যান্ত্রিক ত্রুটি খতিয়ে দেখতে প্রকৌশলীরা ঘটনাস্থলে পৌঁছান। টেকনিক্যাল টিমের সবুজ সংকেত পাওয়ার পর স্থানীয় সময় বিকেল ৪টার সময় বিমানটি ফের কাঠমান্ডুর উদ্দেশ্যে রওনা দেয়। (রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

বিশ্বব্যাপী করোনার জরুরি অবস্থা তুলে নিল ডব্লিউএইচও

করোনা মহামারিকে কেন্দ্র করে বিশ্বব্যাপী যে স্বাস্থ্যবিষয়ক জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল তা তুলে নিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ডব্লিউএইচও। এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছে সংস্থাটি। বিবৃতিতে বলা হয়েছে প্রায় তিন বছর পর বিশ্বব্যাপী করোনা পরিস্থিতি নিয়ে জারি করা জরুরি অবস্থা তুলে নিচ্ছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। মহামারি শেষ হওয়ার পথে এটিকে একটি বড় পদক্ষেপ বলছে সংস্থাটি। শুক্রবার এ ঘোষণা দেয় ডব্লিউএইচও। এতে জানানো হয়, এখন আর স্বাস্থ্যবিষয়ক জরুরি অবস্থা দীর্ঘ করার প্রয়োজন নেই। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলছে, করোনা মহামারির কারণে ৬ দশমিক ৯ মিলিয়নেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে। শুধু তাই নয়, বিশ্ব অর্থনীতিকে ব্যাহত করেছে এটি। তবে এখন আর স্বাস্থ্য জরুরি অবস্থার প্রয়োজন নেই। একইসঙ্গে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনাকে হুমকি হিসেবেও উল্লেখ করেছে।
(রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক। শেখ হাসিনাকে নিজের রোল মডেল বা অনেক বড় অনুপ্রেরণা মন্তব্য করে তিনি জানান তার স্ত্রী এবং দুই কন্যা ও শেখ হাসিনার ভক্ত। শুক্রবার স্থানীয় সময় বিকেলে লন্ডনের পলমলে কমনওয়েলথ সেক্রেটারিয়েটের মার্লবোরো হাউসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে ব্রিটিশ প্রধানমন্ত্রী এসব কথা বলেন। ৩৫ মিনিট ধরে চলা ওই বৈঠকে দুই নেতা দুই দেশের পারস্পরিক সুবিধা সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রীর শুক্রবারের কর্মসূচি শেষে তার সফর নিয়ে ব্রিফ করেন লন্ডনে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাঈদা মুনা তাসনিম। তিনি জানান, বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করে ঋষি সুনাক বলেছেন শেখ হাসিনা আমাদের জন্য বিশাল বড় অনুপ্রেরণা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

আন্দোলনের নয়, বিএনপি চক্রান্তের রূপরেখা তৈরি করছে: ওবায়দুল কাদের

আন্দোলন নয়, বিএনপি চক্রান্তের রূপরেখা তৈরি করছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সকালে বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের সভাপতিমণ্ডলীর সাথে আয়োজিত এক সভায় তিনি এ কথা বলেন। এ সময় জনসম্পৃক্ততার অভাবে বিএনপির আন্দোলন ব্যর্থ দাবী করে

সেতুমন্ত্রী বলেন চক্রান্তের রূপরেখা তৈরি ও ষড়যন্ত্রের মাধ্যমে বিএনপি দেশের অর্থনীতি ধ্বংসের পরিকল্পনা করছে। নির্বাচনে হেরে যাবে জেনে বিএনপি চোরা গুপ্তা ষড়যন্ত্র করছে। এ সময় ওবায়দুল কাদের আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার এবারের সফর বাংলাদেশকে নতুন উচ্চতায় নিয়ে যাচ্ছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

অপরাধী সংগঠন হিসেবে জামাতের বিচারের জন্য আইন সংশোধনের প্রক্রিয়া চলছে: আইনমন্ত্রী

অপরাধী সংগঠন হিসেবে জামাতের বিচারের জন্য আইন সংশোধনের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। সকালে রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন তিনি। এ সময় সুপ্রিমকোর্টের আপিল বিভাগ কোন সিদ্ধান্ত দিলে তা নিম্ন আদালত পালন না করলে অরাজকতার সৃষ্টি হবে বলে বিচারকদের সতর্ক করেন তিনি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরে একটি লঘুচাপ সৃষ্টির পূর্বাভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

২৪ ঘন্টার মধ্যে দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এছাড়া দেশের তিন বিভাগে অস্থায়ীভাবে দমকা ও ঝড়ো হাওয়াসহ বৃষ্টি ও বজ্রবৃষ্টির পূর্বাভাস দিয়েছে সংস্থাটি। সকাল ৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এই তথ্য জানানো হয়। পূর্বাভাসে বলা হয়েছে দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে যা পরবর্তীতে ঘনীভূত হওয়ার সম্ভাবনা রয়েছে। দেশের নদী বন্দরগুলোকে এক নম্বর সতর্কতা সংকেত দেখাতে বলা হয়েছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

রাজধানীর ধুপখোলায় গ্যাস লাইন বিস্ফোরণে আহত জবি শিক্ষার্থী শাওন মারা গেছেন

রাজধানীর ধুপখোলায় একটি গ্যাস লাইন মেরামতের সময় বিস্ফোরণে দগ্ধ হওয়া জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মেহেদী হাসান শাওন মারা গেছেন। শনিবার ভোর সোয়া ছয়টায় রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। গত সোমবার রাজধানীর ধুপখোলা বাজারে রাস্তার গ্যাস লাইন মেরামতের সময় বিস্ফোরণের ঘটনা ঘটে। ওই ঘটনায় আট জন আহত হন। তার মধ্যে শাওনের শরীরের ৩১ শতাংশ দগ্ধ হয়েছিল। গুরুতর আহত অবস্থায় তাকে শেখ হাসিনা বার্ন ইউনিটে ভর্তি করা হয়। সেখানেই আজ সকালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

ফিফার নিষেধাজ্ঞার বিরুদ্ধে আপিল করেছেন সোহাগ

আন্তর্জাতিক ফুটবল ফেডারেশন ফিফার দেওয়া দুই বছরের নিষেধাজ্ঞার বিরুদ্ধে আন্তর্জাতিক ক্রীড়া আদালতে আপিল করেছেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সাবেক সাধারণ সম্পাদক আবু নাঈম সোহাগ। সোহাগের পক্ষ থেকে তার আইনজীবী এই আপিল করেছেন। এ জন্য মোটা অঙ্কের কোর্ট ফিও দিয়েছেন বাফুফের সাবেক এই সাধারণ সম্পাদক। সোহাগের আইনজীবী জানিয়েছে, নিয়মানুযায়ী এটির শুনানি হবে। এর আগে, আর্থিক অনিয়ম ও অসঙ্গতির কারণে গত ১৪ এপ্রিল আবু নাঈম সোহাগকে ফিফা থেকে ২ বছরের জন্য নিষিদ্ধ করা হয়। তার বিরুদ্ধে ৫০ পাতার একটি প্রতিবেদনও দেয় ফিফা। সেখানে মোটাদাগে চার ধারার অধীনে মোট ৩০৬টি পয়েন্টে অভিযোগের বর্ণনা দিয়ে সত্যতা প্রমাণের কথা বলা হয়। এ সময় ফুটবল সংশ্লিষ্ট সব ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকার পাশাপাশি তাকে প্রায় ১২ লাখ টাকা জরিমানাও করে বৈশ্বিক ফুটবলের নিয়ন্ত্রক সংস্থাটি। এ ছাড়া এই জরিমানা পরিশোধের জন্য এক মাসের সময়সীমাও বেধে দেয় ফিফা। বাফুফে সাধারণ সম্পাদকের এমন ঘটনা প্রকাশ্যে আসার পর উত্তাল হয় দেশের ফুটবল অঙ্গন। এরপর তাকে বাফুফের কার্যক্রম থেকে আজীবনের জন্য নিষিদ্ধ করে দেশের ফুটবল ফেডারেশন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ আছাদ/আশরাফ)

যুক্তরাজ্যের রাজা হিসেবে শপথ নিয়েছেন তৃতীয় চার্লস

যুক্তরাজ্যের রাজা হিসেবে শপথ নিয়েছেন তৃতীয় চার্লস। রাজকীয় ও জমকালো আয়োজন এর মধ্য দিয়ে শনিবার আনুষ্ঠানিকভাবে রাজমুকুট পরিধান করেন তিনি। এর আগে পবিত্র বাইবেলে হাত রেখে শপথ বাক্য পাঠ করিয়ে যুক্তরাজ্যের ৪০ তম রাজার দায়িত্ব গ্রহণ করেন তৃতীয় চার্লস। একইসঙ্গে রাজ্যাভিষেকও হয়েছে চার্লস এর স্ত্রী কুইন কনসোর্ট ক্যামিলারও। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিন্স হ্যারি, প্রিন্স উইলিয়াম ও প্রিন্সেস কেট মিডলটন সহ পরিবারের অন্য সদস্যরা। তবে ছিলেন না প্রিন্স হ্যারির স্ত্রী মেগান মার্কেল। এর আগে অভিষেক অনুষ্ঠানে যোগ দিতে যুক্তরাজ্যের ওয়েস্ট মিনিস্টার এ্যাবিতে পৌঁছান রাজা তৃতীয় চার্লস ও কুইন কনসোর্ট ক্যামিলা। বাকিংহাম প্যালেস থেকে ঘোড়ার গাড়িতে করে শোভাযাত্রায় অংশ নিয়ে অভিষেক স্থলে পৌঁছান তারা। লন্ডন সময় সকাল ১১ টায় অনুষ্ঠান শুরু হওয়ার আগে বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধান এবং কমনওয়েলথ এর নেতারা ওয়েস্ট মিনিস্টার এ্যাবিতে এসে আসন গ্রহণ করেন। বিশ্বের প্রায় ১০০ টি রাষ্ট্র ও সরকারপ্রধান এর উপস্থিতি ঘিরে সেন্ট্রাল লন্ডন এ ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা নেয়া হয়। রাণী দ্বিতীয় এলিজাবেথ এর মৃত্যুর পর তার ছেলে চার্লস রাজা হন। যুক্তরাজ্য ছাড়াও আরও ১৪ টি দেশে তাকে রাজা হিসেবে মান্য করা হয়।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ রিহাব/আশরাফ)

রাজা তৃতীয় চার্লস এর অভিষেক অনুষ্ঠানে যোগ দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা

রাজা তৃতীয় চার্লস এর অভিষেক অনুষ্ঠানে যোগ দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ওয়েস্ট মিনিস্টার এ্যাবিতে বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধান এর সঙ্গে শেখ হাসিনা ছিলেন বলে বাসস জানিয়েছে। অনুষ্ঠানে শেখ হাসিনা ছাড়াও আয়ারল্যান্ড, ফ্রান্স, স্পেন, বেলজিয়াম, জাপান, হাংগেরি ও অস্ট্রেলিয়াসহ বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধানগণ উপস্থিত ছিলেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ রিহাব/আশরাফ)

কোনো স্বৈরাচার সরকার আপসে ক্ষমতা ছাড়েনি: খন্দকার মোশাররফ

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, কোনো স্বৈরাচার সরকার আপসে ক্ষমতা ছাড়েনি। আগামী নির্বাচন শেখ হাসিনা মুক্ত হতে হবে। তার অধীনে কোন নির্বাচন হবে না। অতীতের নির্বাচন গুলোতে প্রমাণিত হয়েছে শেখ হাসিনার অধীনে সুষ্ঠু নির্বাচন হয়নি। ভবিষ্যতেও হতে পারে না। শনিবার জাতীয় প্রেস ক্লাবের সামনের সড়কে আয়োজিত মানববন্ধনে এসব কথা বলেন খন্দকার মোশাররফ। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির দাবিতে এই মানববন্ধন এর আয়োজন করে মুক্তিযোদ্ধা দল।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ রিহাব/আশরাফ)

ভর্তি পরীক্ষার সময় অভিভাবকদের অহেতুক ভীড় না করতে অনুরোধ জানিয়েছেন ঢাবি উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সময়ে শিক্ষার্থীদের অভিভাবকদের অহেতুক ভীড় না করতে অনুরোধ জানিয়েছেন বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আখতারুজ্জামান। শনিবার ২০২২-২৩ শিক্ষাবর্ষের আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রাম এর কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট এর ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন এর সময় তিনি এই অনুরোধ জানান। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ রিহাব/আশরাফ)

বিশ্বজুড়ে বাংলাদেশ নিয়ে প্রসংশায় বিএনপি নেতাদের মাথা খারাপ হয়ে গেছে: তথ্যমন্ত্রী

বিশ্বজুড়ে বাংলাদেশ নিয়ে প্রসংশায় বিএনপি নেতাদের মাথা খারাপ হয়ে গেছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ। শনিবার চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, জননেত্রী শেখ হাসিনার কারণে আজকে সমগ্র বাংলাদেশ বদলে গেছে। সে কারণে সমগ্র পৃথিবী আজকে শেখ হাসিনা ও বাংলাদেশের প্রসংশা করছে। শুধু প্রসংশা করতে পারেনা বিএনপি। বাংলাদেশ নিয়ে সমগ্র বিশ্বের প্রসংশা শুনে বিএনপি নেতাদের মাথা খারাপ হয়ে গেছে। এখন তারা আবোল তাবোল বকছে। বিএনপি নেতাদের মানুষিক চিকিৎসা প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ রুবাইয়া/আশরাফ)

ঢাবি ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ফুলের শুভেচ্ছা জানাতে গিয়ে হামলার শিকার ছাত্রদল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছা জানাতে গিয়ে হামলার শিকার হয়েছে ছাত্রদল। এ হামলার জন্য ছাত্রলীগকে দায়ী করেছে ছাত্রদল। বলছে হামলায় তাদের ৫ নেতাকর্মী আহত হয়েছেন। শনিবার বেলা ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের আন্ডার গ্রাজুয়েট প্রোগামের কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনেটর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা শেষে কার্জন হলের পেছনের ফটক দিয়ে বের হওয়া শিক্ষার্থীদের ফুল ও কলম উপহার দেন ছাত্রদলের নেতাকর্মীরা। পরে সেখান থেকে তারা চলে যাওয়ার পথে হাইকোর্ট মোড়ে ছাত্রলীগের একদল নেতাকর্মী অতর্কীত হামলা চালায় বলে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতরা গণমাধ্যমকে জানিয়েছেন। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৬.০৫.২০২৩ রুবাইয়া/আশরাফ)

জাগো নিউজ

শেখ হাসিনা ও ঋষি সুনাকের প্রথম দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাকের মধ্যে প্রথম দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় সময় শুক্রবার বিকেলে লন্ডন পলমলে কমনওয়েলথ সেক্রেটারিয়েটের মার্লবোরো হাউসের দ্বিপাক্ষিক বৈঠক কক্ষে দুই নেতার এ বৈঠক হয়। গত বছরের ২৫ অক্টোবর ঋষি সুনাক ব্রিটেনের দায়িত্ব নেওয়ার পর দুই নেতার এটিই প্রথম বৈঠক।

এ দিকে একই দিন বিকেলে কমনওয়েথ সম্মেলনে যোগদান শেষে ব্রিটেনের রাজা তৃতীয় চার্লসের সংবর্ধনায় যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যুক্তরাজ্যের রাজা তৃতীয় চার্লস ও তার পত্নী ক্যামিলার রাজ্যাভিষেকের আগে সরকার ও রাষ্ট্রপ্রধান বা বিদেশি প্রতিনিধিদের জন্য এ সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। স্থানীয় সময় শুক্রবার বিকেল ৫টা ১৫ মিনিটে বার্কিংহাম প্যালেসে এ অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে কমনওয়েথভুক্ত দেশের নেতারা একত্রিত হন। (জাগো এফএম: ১৭০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

ফারাক্কার পানিচুক্তি নিয়ে আবারও কেন্দ্রীয় সরকারের ঘাড়ে দোষ চাপালেন মমতা

আবারও ফারাক্কার পানিচুক্তি নিয়ে মুখ খুললেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। রাজ্যের পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ যতই ঘনিয়ে আসছে, তাকে ফারাক্কা ও বাংলাদেশ নিয়ে ততই সরব হতে দেখা যাচ্ছে। শুক্রবার মুর্শিদাবাদ জেলার সামশেরগঞ্জে গঙ্গার ভাঙনকবলিত এলাকা দেখতে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী। পরে এক প্রশাসনিক সভায় যোগ দেন। সেখানে তিনি বলেন, প্রাকৃতিক বিপর্যয় বাড়ছে। নদীর গতিপথ কোন দিকে যাচ্ছে বলা মুশকিল। এরপর ফারাক্কা প্রসঙ্গে মমতা বলেন, ফারাক্কা ব্যারেজ সংক্রান্ত সমস্যা অনেক দিনের। ফারাক্কার বিষয়টি কেন্দ্রীয় সরকারের, পশ্চিমবঙ্গের নয়। তা সত্ত্বেও আমি অনেকবার কথা বলেছি। কিন্তু ওরা আমাদের কোনো সাহায্য তো করেইনি, উল্টো ইন্দো-বাংলা পানিচুক্তি যখন হয়, ৭০০ কোটি রুপি পাওয়ার কথা ছিল রাজ্যের উন্নয়নের জন্য। আজ পর্যন্ত এক পয়সা দেয়নি।। (জাগো এফএম: ১৭০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

প্লেন চলাচল খাত জোরদারে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে যৌথ ঘোষণাপত্র সই হয়েছে

বাংলাদেশে প্লেন চলাচল খাতের উন্নয়নে প্রয়োজনীয় সহযোগিতার জন্য একটি 'এভিয়েশন পার্টনারশিপ' প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে যৌথ ঘোষণাপত্র সই হয়েছে। এর মধ্যে এয়ারবাস থেকে যাত্রী ও কার্গো বিমান ক্রয় অন্তর্ভুক্ত রয়েছে। শুক্রবার লন্ডনে একটি হোটেলে যৌথ ঘোষণাপত্র সই হয়। এতে বাংলাদেশের পক্ষে প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান সই করেন। যুক্তরাজ্যের পক্ষে সই করেন দেশটির বিনিয়োগমন্ত্রী লর্ড ডমিনিক জনসন।

এই উদ্যোগের মাধ্যমে বাংলাদেশে প্লেন শিল্পের বিকাশের পাশাপাশি যুক্তরাজ্য এবং এয়ারবাসের অন্যান্য ইউরোপীয় অংশীদারদের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরও জোরদার হবে। পাশাপাশি এয়ারবাস থেকে বিমান কেনার জন্য বাংলাদেশ সহজ শর্তে ইউকে এক্সপোর্ট ফাইন্যান্স স্কিম থেকে দীর্ঘমেয়াদি ঋণ সুবিধাও নিতে পারবে।

(জাগো এফএম: ১৭০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

কক্সবাজারের পাহাড়ে অভিযান: আরসা নেতা ছালেহসহ ৬ ডাকাত গ্রেফতার

কক্সবাজারের টেকনাফের দুর্গম পাহাড়কেন্দ্রিক একের পর এক অপহরণ ও মুক্তিপণের অন্যতম হোতা ছালেহ বাহিনীর প্রধান হাফিজুর রহমান ওরফে ছালেহ উদ্দিনকে গ্রেফতার করেছে র‍্যাব। এ সময় তার অন্যতম সহযোগী সোহেলসহ ডাকাতচক্রের ৬ সদস্যকে গ্রেফতার করা হয়েছে। র‍্যাব জানিয়েছে, আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি আরসার অন্যতম নেতা এই ছালেহ। শুক্রবার দিনগত রাত ৯টা থেকে দুই ঘণ্টার অভিযানে টেকনাফের বাহারছড়া পাহাড় এলাকা থেকে তাদের গ্রেফতার করে র‍্যাব। এসময় তাদের কাছ থেকে বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়। শুক্রবার রাতে র‍্যাব সদরদপ্তরের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইং পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। (জাগো এফএম: ১৭০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

বাংলাদেশে বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে সম্মত হয়েছে হাঙ্গেরি

বাংলাদেশের সঙ্গে ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ ও ব্যবসায়িক সম্পর্ক আরও গভীর এবং সম্প্রসারিত করতে হাঙ্গেরি সরকার সম্মত হয়েছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। স্থানীয় সময় শুক্রবার বুদাপেস্টে হাঙ্গেরির পররাষ্ট্র ও বাণিজ্যমন্ত্রী পিটার সিজ্জারটোরের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে দেশটি এ আগ্রহের কথা জানায়।

হাঙ্গেরির পররাষ্ট্র ও বাণিজ্যমন্ত্রীর আমন্ত্রণে টিপু মুনশি দেশটিতে সফর করছেন। এটি বাংলাদেশের কোনো বাণিজ্যমন্ত্রীর হাঙ্গেরিতে প্রথম সরকারি সফর। বিস্তৃত সুযোগ-সুবিধা, আকর্ষণীয় প্রণোদনা এবং অনুকূল ব্যবসায়িক পরিবেশসহ এ অঞ্চলে বাংলাদেশের সবচেয়ে উদার বিনিয়োগ ব্যবস্থা রয়েছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী হাঙ্গেরির ব্যবসায়ী ও কোম্পানিগুলোকে বাংলাদেশে বিনিয়োগ ও বাণিজ্য সম্প্রসারণের আহ্বান জানান।

(জাগো এফএম: ১৭০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

আসন্ন সিটি নির্বাচনে ঘরোয়া সভার ২৪ ঘণ্টা আগে পুলিশকে জানাতে হবে

আসন্ন পাঁচ সিটি নির্বাচনে প্রার্থী বা তার পক্ষে কোনো রাজনৈতিক দল পথসভা বা ঘরোয়া সভা ব্যতীত কোনো সভা করতে পারবে না। নির্বাচন কমিশনের নির্বাচন ব্যবস্থাপনা শাখার উপ-সচিব মো. আতিয়ার রহমান এই তথ্য নিশ্চিত করে জানান, বিষয়টি প্রার্থীদের অবহিত করতে সম্প্রতি রিটার্নিং কর্মকর্তাদের নির্দেশনা পাঠানো হয়েছে। বলা হয়েছে, কোনো প্রার্থী বা তার পক্ষে কোনো রাজনৈতিক দল, অন্য কোনো ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান পথসভা ও ঘরোয়া সভা ব্যতীত কোনো জনসভা বা শোভাযাত্রা করতে পারবেন না।

পথসভা ও ঘরোয়া সভা করতে চাইলে প্রস্তাবিত সভার কমপক্ষে ২৪ ঘণ্টা আগে তার স্থান এবং সময় সম্পর্কে স্থানীয় পুলিশ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে, যাতে ওই স্থানে চলাচল ও আইনশৃঙ্খলা রক্ষার জন্য পুলিশ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে। (জাগো এফএম: ১৭০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

পাঁচশ'র বেশি শিশু অপহরণকারী চক্রের মূলহোতাসহ গ্রেফতার ৩

স্কুল, মার্কেট, কোচিং কিংবা মাদরাসার সামনে ওত পেতে থাকতো অপহরণকারীরা। কোনো শিশুকে একা পেলেই তার সঙ্গে ভাব জমাতো মা-বাবার আত্মীয়-বন্ধু পরিচয় দিতো তারা। এভাবে কৌশলে অপহরণ করা হতো শিশুদের। এ

পর্যন্ত চক্রটি প্রায় ৫০০ থেকে ৬০০ শিশু অপহরণ করেছে। এই চক্রের মূলহোতাসহ ৩ সদস্যকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

পুলিশ বলছে, অপহৃত শিশুর মা-বাবাকে ফোন করে ১০ থেকে ৫০ হাজার টাকা মুক্তিপণ নিয়ে ছেড়ে দেওয়া হতো শিশুদের। বিশেষ করে যে শিশুরা বাবা-মার ফোন নাম্বার মুখস্থ বলতে পারতো তাদেরকেই টার্গেট করতো তারা। গ্রেফতার হওয়া এই তিনজনের নাম হলো, চক্রের মূলহোতা মো. মিল্টন মাসুদ, মো. শাহীনুর রহমান ও সুফিয়া বেগম। শনিবার দুপুরে ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেসন্স সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান উত্তরা বিভাগের উপ-পুলিশ কমিশনার মোর্শেদ আলম।

(জাগো এফএম: ১৭০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

নারায়ণগঞ্জের ভুলতায় বয়লার বিস্ফোরণে দগ্ধ আরও একজনের মৃত্যু

নারায়ণগঞ্জের রূপগঞ্জে ভুলতা এলাকার একটি স্টিল মিলে বয়লার বিস্ফোরণের ঘটনায় অগ্নিদগ্ধ গোলাম রাব্বী নামের আরও একজনের মৃত্যু হয়েছে। শুক্রবার দিনগত রাত ১১টার দিকে শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। এ নিয়ে এ ঘটনায় পাঁচজনের মৃত্যু হলো। শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক সার্জন ডা. এস এম আইউব হোসেন এ তথ্য নিশ্চিত করেছেন।

(জাগো এফএম: ১৭০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

শেখ হাসিনাকে অনুপ্রেরণা হিসেবে দেখেন ঋষি সুনাক

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে একজন সফল অর্থনৈতিক নেতা হিসেবে অভিহিত করে বলেছেন, 'আপনি আমাদের জন্য অনুপ্রেরণা।' স্থানীয় সময় শুক্রবার কমনওয়েলথ সেক্রেটারিয়েটের দ্বিপাক্ষিক সভাকক্ষে তাদের প্রথম বৈঠকে সুনাককে উদ্ধৃত করে যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম একথা জানান। তাসনিম আরও জানান, ঋষি সুনাক বলেন, 'আমি আপনাকে অনেক বছর ধরে অনুসরণ করছি। আপনি একজন সফল অর্থনৈতিক নেতা।' যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী আরও বলেছেন, তার দুই মেয়ে এবং স্ত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার বড় ভক্ত। তিনি গত অক্টোবরে দায়িত্ব নেওয়ার পর থেকে তার কন্যারা শেখ হাসিনার মতো নেতা হবেন এই কামনা করেছেন। সুনাক বলেন, 'আপনি আমার দুই মেয়ের জন্য মহান অনুপ্রেরণা।' ব্রিটিশ প্রধানমন্ত্রী বাংলাদেশের সমৃদ্ধির জন্য শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন পাশাপাশি রোহিঙ্গাদের আশ্রয়, ভূমিহীন ও গৃহহীন বাংলাদেশের জনগণকে সরকারি খরচে বাড়ি দেওয়া, জলবায়ু পরিবর্তনসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে তার গৌরবময় ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। (জাগো এফএম: ১৯০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

দেশের অর্থনীতি ধ্বংসের ফন্দি আঁটছে বিএনপি: ওবায়দুল কাদের

বিএনপির আন্দোলনের রূপরেখা রাজনীতির নয়, তাদের আন্দোলনের রূপরেখা ষড়যন্ত্রের বলে দাবি করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, বিএনপি এখন দেশের অর্থনীতি ধ্বংস করার ফন্দি আঁটছে। তারা ষড়যন্ত্রের রূপরেখা তৈরি করছে।

শনিবার সকালে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাদের সঙ্গে যৌথসভায় এসব কথা বলেন তিনি। (জাগো এফএম: ১৯০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

প্রিয় শিক্ষক ইসহাকের মৃত্যুতে তথ্যমন্ত্রীর শোক

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ তার শৈশবের স্মৃতি জড়ানো বিদ্যাপীঠ চট্টগ্রামের সরকারি মুসলিম হাইস্কুলের ইংরেজির শিক্ষক মোহাম্মদ ইসহাকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

শনিবার চট্টগ্রামের একটি হাসপাতালে চিকিৎসাধীন এ প্রবীণ শিক্ষকের ইন্তেকালের সংবাদে চট্টগ্রাম সফররত শোকাহত মন্ত্রী তার প্রিয় শিক্ষকের বাসভবনে ছুটে যান। প্রয়াত শিক্ষক ইসহাকের মরদেহে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করে মন্ত্রী তার আত্মার শান্তি কামনা করেন ও পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। ড. হাছান মাহমুদ এক শোকবার্তায় বলেন, ১৯৬৫ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত মুসলিম হাইস্কুলের শিক্ষক মোহাম্মদ ইসহাক ছিলেন অত্যন্ত প্রজ্ঞাবান ও নিবেদিতপ্রাণ শিক্ষক। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে মাস্টার্সের পর লেবাননের বৈরুতে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি থেকে ইংরেজিতে এমএ ডিগ্রি অর্জনের পর শিক্ষকতায় আসা এ মানুষটি চাইলে তৎকালীন সিভিল সার্ভিসের একজন সেরা অফিসার হতে পারতেন। কিন্তু শিক্ষকতার মাধ্যমে দেশ ও জাতির সেবাকেই জীবনের ব্রত হিসেবে নিয়েছিলেন তিনি। আদর্শ শিক্ষকের অনন্য উদাহরণ হিসেবে তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

(জাগো এফএম: ১৯০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

আওয়ামী লীগকে যত তাড়াতাড়ি বিদায় করা যাবে তত মঙ্গল: মোশাররফ

বর্তমান আওয়ামী লীগ সরকারকে যত তাড়াতাড়ি বিদায় করা যায়, দেশ ও জনগণের তত মঙ্গল বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন।

তিনি বলেছেন, বিএনপি শান্তিপূর্ণ বিভাগীয় সমাবেশের কর্মসূচি দিয়েছিল। এই সরকারের পুলিশ বাহিনী, পেটুয়া বাহিনী সেখানে বাধা সৃষ্টি করেছে। সব বাধা উপেক্ষা করে প্রতিটি কর্মসূচিকে জনগণ সফল করেছে। এই সরকারকে

যত তাড়াতাড়ি বিদায় করা যায়, এ দেশের এবং জনগণের তত মঙ্গল। শনিবার বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তির দাবিতে আয়োজিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জাতীয় প্রেস ক্লাবের সামনে এই মানববন্ধনের আয়োজন করে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল। মোশাররফ বলেন, খালেদা জিয়া আর গণতন্ত্র একে অপরের সম্পূরক। গণতন্ত্রের অর্থই হচ্ছে খালেদা জিয়া। খালেদা জিয়ার অর্থই হচ্ছে গণতন্ত্র। আজ আমাদের নেত্রী কারাগারে। শুধু গণতন্ত্রের জন্য সংগ্রাম করার কারণে আজ মিথ্যা-বানোয়াট মামলায় ফরমায়েসি রায় দিয়ে তাকে কারারুদ্ধ করে রাখা হয়েছে। (জাগো এফএম: ১৯০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

রাজা তৃতীয় চার্লসের অভিষেক অনুষ্ঠানে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী

লন্ডনের ওয়েস্টমিনিস্টার অ্যাবেতে রাজা তৃতীয় চার্লসের অভিষেক অনুষ্ঠানে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই অনুষ্ঠানে রাজা তৃতীয় চার্লস ও রানি কনসোর্ট ক্যামিলা পার্কারকে মুকুট পরানো হয়। এর আগে ৫ মে রাষ্ট্র ও সরকার প্রধান এবং বিদেশি প্রতিনিধিদের জন্য রাজা তৃতীয় চার্লসের দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন শেখ হাসিনা। সংবর্ধনার আগে প্রধানমন্ত্রী শুক্রবার বিকেলে কমনওয়েলথ দেশগুলোর নেতাদের দ্বিবার্ষিক সম্মেলনে যোগ দেন। পাশাপাশি কমনওয়েলথ সরকার প্রধানদের বৈঠকেও অংশ নেন তিনি।

(জাগো এফএম: ১৯০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

স্মার্ট বাংলাদেশ নির্মাণই প্রধানমন্ত্রীর মূল লক্ষ্য: স্পিকার

২০৪১ সালের মধ্যে কল্যাণকামী স্মার্ট বাংলাদেশ নির্মাণই প্রধানমন্ত্রী শেখ হাসিনার মূল লক্ষ্য বলে জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।

তিনি বলেন, স্মার্ট বাংলাদেশের চারটি মূল সোপান। স্মার্ট কমিউনিটি, স্মার্ট গভর্ন্যান্স, স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি বাস্তবায়নে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। স্মার্ট সিটিজেন হিসেবে লায়ন্স সদস্যরা স্মার্ট বাংলাদেশ অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন, ভবিষ্যতেও রাখবেন। শনিবার রাজধানীর বনানীর শেরাটন হোটেলে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল মাল্টিপল ডিস্ট্রিক্ট ৩১৫-এর '৩৬তম বার্ষিক মাল্টিপল ডিস্ট্রিক্ট কনভেনশন- ২০২৩' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। এ সময় স্পিকার কনভেনশনের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন।

(জাগো এফএম: ১৯০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

মানুষ যেন দ্রুত ন্যায়বিচার পায় বিচার বিভাগের সেটাই আমাদের চাওয়া: আইনমন্ত্রী

বিচার বিভাগকে সহযোগিতা করতে সরকারের কোনো কার্পণ্য নেই উল্লেখ করে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বিচার বিভাগের কাছে একটি চাওয়া থাকবে, তা হলো বিচারপ্রার্থী সাধারণ মানুষ যেন দ্রুত ন্যায়বিচার পান। তারা যেন মামলার দীর্ঘসূত্রতার অবস্থান থেকে পরিত্রাণ পান। শনিবার ঢাকায় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে জ্যেষ্ঠ সহকারী জজ এবং সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য আয়োজিত রিফ্রেসার কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। প্রশিক্ষণার্থী বিচারকদের জুডিসিয়াল ডিসিপ্লিন মেনে চলার পরামর্শ দিয়ে আইনমন্ত্রী বলেন, জুডিসিয়াল সিদ্ধান্ত মেনে না চললে জুডিসিয়াল অ্যানার্কি তৈরি হতে পারে। এতে করে সমাজ ও দেশের ওপর এর ইমপ্যাক্ট ভয়াবহ হবে। নিশ্চয়ই আমরা এই অ্যানার্কি চাই না।

(জাগো এফএম: ১৯০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

আইএডব্লিউপির অ্যাওয়ার্ড পাচ্ছেন অতিরিক্ত পুলিশ সুপার মাহমুদা বেগম

পেশাগত অবদানের জন্য 'সম্মাননা অ্যাওয়ার্ড ২০২৩' পাচ্ছেন খাগড়াছড়ি জেলার অতিরিক্ত পুলিশ সুপার মাহমুদা বেগম। ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব উইমেন পুলিশ আইএডব্লিউপি তাকে এ অ্যাওয়ার্ড দিচ্ছে। কমিউনিটি সার্ভিস ক্যাটাগরিতে তিনি এ অ্যাওয়ার্ড পাচ্ছেন। নিউজিল্যান্ডের অকল্যান্ডে আগামী ১৭-২১ সেপ্টেম্বর পাঁচ দিনব্যাপী অনুষ্ঠানে তার হাতে এ অ্যাওয়ার্ড তুলে দেওয়া হবে। সম্প্রতি এক টুইট বার্তায় এ ঘোষণা দিয়েছে আইএডব্লিউপি। জননিরাপত্তার উন্নতি, অপরাধ ও অপরাধমূলক আচরণ হ্রাসসহ সামাজিক বৈষম্য নিরসন এবং নিজ বাহিনীসহ সাধারণ নাগরিকদের সঙ্গে সুসম্পর্ক গড়ে তোলার মাধ্যমে বাংলাদেশ পুলিশে অনুকরণীয় ভূমিকা রাখাসহ পুলিশের সুনাম ছড়িয়ে দিতে সক্ষম হওয়ায় কমিউনিটি সার্ভিস ক্যাটাগরিতে এ অ্যাওয়ার্ড দেওয়া হয়।

(জাগো এফএম: ১৯০০ ঘ. ০৬.০৫.২৩ আসাদ ও কোহিনুর)

BBC

RUSSIA ACCUSED OF DROPPING PHOSPHORUS BOMBS

Ukraine has accused Russia of attacking the besieged city of Bakhmut with phosphorus munitions. In drone footage released by Ukraine's military, Bakhmut can be seen ablaze as what appears to be white phosphorus rains down on the city. While phosphorus weapons are not banned, but their use in civilian areas is considered a war crime. They create fast-spreading fires that are very difficult to put out. Russia has been accused of using them before. (BBC Web page : 06.05.2023 Faruk & Nargis)

IRAN EXECUTES SWEDISH-IRANIAN FOR ALLEGED TERRORISM

Iran has executed a Swedish-Iranian man accused of being behind a deadly 2018 attack on a military parade. Habib Chaab was a founder of a separatist group calling for independence for ethnic Arabs in Iran's south-western Khuzestan province. He had been living in exile in Sweden for a decade when he was abducted by Iranian agents in Turkey in 2020. Sweden's Foreign Minister Tobias Billstrom said his government had urged Iran not to execute Chaab.
(BBC Web page : 06.05.2023 Faruk & Nargis)

SUDAN WARRING SIDES SET FOR TALKS IN SAUDI ARABIA

Saudi Arabia is to host the first face-to-face talks on Saturday between the warring armies in Sudan, after several ceasefires broke down. A joint US-Saudi statement welcomed the start of pre-negotiation talks in Jeddah between the Sudanese army and paramilitary Rapid Support Forces (RSF). On Friday reports spoke of continuing clashes in Khartoum. The Sudanese army says the talks aim to address humanitarian issues. There has been no official RSF comment. (BBC Web page : 06.05.2023 Faruk & Nargis)

HUNDREDS OF WOMEN ON HUNGER STRIKE AT IRAQI PRISON

At least 400 women are in the second week of a hunger strike in a high-security prison in Iraq's capital Baghdad, the BBC has learned. They are in prison for being part of the Islamic State group, after what they say we're unfair trials. The group is said to include foreign nationals from Russia, Turkey, Azerbaijan, Ukraine, Syria, France, Germany and the US. It is thought about 100 children are also being held at the facility. The Islamic State group, also known as ISIS, waged a brutal campaign to establish a self-declared caliphate - an Islamic nation - across Syria and Iraq, killing and enslaving thousands across a five-year period.
(BBC Web page : 06.05.2023 Faruk & Nargis)

DEATH TOLL RISES TO OVER 170 AFTER DR CONGO FLOODS

The authorities in eastern Democratic Republic of Congo say the number of people known to have died in severe flooding and mudslides has risen to 176. The governor of South Kivu province said more people were still missing feared buried under the mud. At least two villages by Lake Kivu - Bushushu and Nyamukubi - were submerged when rivers in eastern DR Congo burst their banks. There were also severe mudslides that destroyed homes made of wooden planks with corrugated iron roofs. Across the other side of Lake Kivu in neighbouring Rwanda, at least 130 people have died as a result of floods and mudslides.
(BBC Web page : 06.05.2023 Faruk & Nargis)

ISRAELI FORCES KILL 2 PALESTINIANS IN THE OCCUPIED WEST BANK

Israeli soldiers have shot dead two Palestinians in the occupied West Bank in the latest violence that has escalated tensions in the region. The military said it conducted a raid on Saturday to apprehend individuals suspected of carrying out a shooting attack against Israelis earlier this week. Both men were 22 years old and died of bullet wounds to their chest, neck and abdomen. The Israeli army said the men were involved in a shooting attack in Avnei Heftz on Tuesday that wounded an Israeli civilian. Avnei Heftz is a settlement in the occupied West Bank deemed illegal under international law.
(BBC Web page : 06.05.2023 Faruk & Nargis)

PAKISTAN SET TO HOST TRILATERAL DIALOGUE WITH CHINA, AFGHANISTAN

Pakistan is set to host a day-long trilateral dialogue with China and Afghanistan in Islamabad after the arrival of the Chinese and Afghan foreign ministers, Qin Gang and Mawlawi Amir Khan Muttaqi, on Friday. In addition to attending the fifth round of the trilateral dialogue between the three countries on Saturday, the two foreign ministers will also participate in bilateral discussions with their Pakistani counterpart Bilawal Bhutto-Zardari. Muttaqi, Afghanistan's interim foreign minister was granted a travel ban exemption by the United Nations Security Council earlier this month allowing him to travel to Pakistan. He has long been subjected to a travel ban, asset freeze and arms embargo under UNSC sanctions.
(BBC Web page : 06.05.2023 Faruk & Nargis)

::THE END::